عَلَى الْمُؤْمِنِينَ أَعِزَّةٍ عَلَى الْكَافِرِينَ يُجَاهِدُونَ فِي سَبِيلِ اللَّهِ وَلَا يَخَافُونَ لَوْمَةَ لَائِمٍ ذَلِكَ فَضْلُ اللَّهِ يُؤْتِيهِ مَنْ يَشَاءُ وَاللَّهُ وَاسِعٌ عَلِيمٌ (٥٤)

"হে মুমিনগণ! তোমাদের মধ্যে যারা স্বীয় দীন থেকে দূরে সরে যাবে, তাদের পরিবর্তে আল্লাহ শীঘ্রই এমন একটি সম্প্রদায় নিয়ে আসবেন, যাদেরকে তিনি ভালবাসবেন এবং তারাও তাঁকে ভালবাসবে। তারা মু'মিনদের প্রতি (নিজেদের পরস্পরে) সহানুভূতিপরায়ণ ও কাফিরদের প্রতি কঠোর হবে এবং আল্লাহর পথে জিহাদ করবে। আর এ ব্যাপারে কোন তিরস্কারকারীর তিরস্কারকে ভয় করবে না। এটা আল্লাহর একান্ত অনুগ্রহ, যা তিনি যাকে ইচ্ছা দান করে থাকেন।"[আল মায়েদা ঃ ৫৪]।

গালি ও তিরস্কার সাধারণত আত্মীয়-স্বজন ও বন্ধু-বান্ধবদের পক্ষ থেকে করা হয়ে থাকে। কারণ, শত্রুরা তিরস্কার করে না; শত্রুতা করে। তাই জিহাদের জন্য এমন লোকেরই প্রয়োজন, যিনি তার লক্ষ্য-উদ্দেশ্যের প্রতি দৃঢ় বিশ্বাসী। আমরা লক্ষ্য-উদ্দেশ্য নির্ধারণ করেছি, আমরা চাচ্ছি একটি ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠা করতে।

দুনিয়ার সকল প্রচার মাধ্যমই এই দীনের প্রতি শত্রুতা পোষণ করে। যে সব প্রচার মাধ্যম নিজেদের অস্তিত্ব টিকিয়ে রাখার জন্য প্রকাশ্যে শত্রুতা ভাব দেখায় না, তারাও আমাদের বিরুদ্ধে যথাসম্ভব কৌশলে প্রচারণা চালিয়ে যাচ্ছে। আল্লাহর কাছে কামনা করি, যতদিন আমরা জীবিত থাকি, যতদিন আমাদের শ্বাস-প্রশ্বাস বাকী থাকবে, ততদিন যেন তিনি আমাদেরকে ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠার জিহাদের এ মহান পথে দৃঢ়পদ রাখেন। আল্লাহ না করুন, যদি আমরা এখান থেকে বিতাড়িত হই, তাহলে আমরা অন্য খানে চলে যাব। আমাদের কর্মক্ষেত্র কেবল আফগানিস্তান নয়, এখানে শুধু আমরা সাহায্য-সহযোগিতা দান করছি। আফগানিস্তানে আমাদের কাজ আল্লাহর দীন আল্লাহর জমীনে প্রতিষ্ঠিত করা, যা তিনি সপ্তাকাশের উপর থেকে আমাদের জন্য ফরয করে দিয়েছেন।

আমাদের কাজ কেবল সেবা সংস্থার কাজ নয়। আর আমাদের কাজ রাজনৈতিক সমাধান পেশ করাও নয়। আমরা এমন এক বাহিনী, যাদেরকে রাব্বুল আলামীন এ দীনের জন্য সৈনিকের দায়িত্ব পালনের নির্দেশ দিয়েছেন। দুনিয়ার যেখানেই হোক না কেন যারা আমাদের সাথে পথ চলতে চায়, তাদেরকে আমরা মাথায় তুলে নিতে প্রস্তুত। এ ক্ষেত্রে আমাদের জানা মতে যারা নিষ্ঠাবান, তাদের ভুল ভ্রান্তিগুলো আমরা সহ্য করে নিব। তবে যারা এ ধরণের নয়, তাদের যিম্মা আল্লাহর হাতে।

وَلا يَحِيقُ الْمَكْرُ السَّيِّئُ إِلاَّ بِأَهْلِه

"কুচক্রান্তের চূড়ান্ত শিকার কুচক্রীই।"[ফাতির ঃ ৪৩]।

যে বিষয়টা নিয়ে আমাদের বেশী ভয় হচ্ছে তা হল নিষ্ঠা ও দৃঢ়তা। আল্লাহ আমাদের সবাইকে নিষ্ঠা ও দৃঢ়তার তাওফীক দান করুন। আল্লাহ্ সুব্হানাহু ওয়াতাআলা যদি আমার উপর সন্তুষ্ট থাকেন, তাহলে দুনিয়ার কেউ আমাকে দুশ্চিন্তায় ফেলতে পারবে না। আমার দুশ্চিন্তা শুধু ইখলাস নিয়ে। ইখলাস ও দৃঢ়তা যদি বিদ্যমান থাকে, তাহলে আল্লাহ মুমিনদের সাহায্য করবেন, তাদের রক্ষা করবেন। তাই তিনি বলেছেন-

وَإِنْ تُصِبْكُمْ سَيِّئَةٌ يَفْرَحُوا بِهَا وَإِنْ تَصْبِرُوا وَتَتَّقُوا لا يَضُرُّكُمْ كَيْدُهُمْ شَيْئاً إِنَّ اللَّهَ بِمَا يَعْمَلُونَ مُحِيطٌ (١٢٠)

"আর তোমরা যদি ধৈর্য্য ধারণ কর ও আল্লাহকে ভয় করে চল, তাহলে তাদের ষড়যন্ত্র তোমাদের কোন ক্ষতি করতে পারবে না। নিঃসন্দেহে তারা যা করছে সে ব্যাপারে আল্লাহ অবহিত।"[আলে ইমরান ঃ ১২০]।

আফগানিস্তান নিয়ে ষড়যন্ত্র

আল্লাহ সুব্হানাহু ওয়াতাআলা বলেন-

فَلَمَّا جَاوَزَهُ هُوَ وَالَّذِينَ آمَنُوا مَعَهُ قَالُوا لا طَاقَةَ لَنَا الْيَوْمَ بِجَالُوتَ وَجُنُودِهِ قَالَ الَّذِينَ يَظُنُّونَ أَنَّهُمْ مُلاقُو اللَّهِ كَمْ مِنْ فِئَةٍ قَلِيلَةٍ غَلَبَتْ فِئَةً كَثِيرَةً بِإِذْنِ اللَّهِ وَاللَّهُ مَعَ الصَّابِرِينَ (٢٤٩) وَلَمَّا بَرَزُوا لِجَالُوتَ وَجُنُودِهِ قَالُوا رَبَّنَا أَفْرِغْ عَلَيْنَا صَبْراً وَثَبِّتْ أَقْدَامَنَا وَانْصُرْنَا عَلَى الْقَوْمِ الْكَافِرِينَ (٢٥٠) فَهَزَمُوهُمْ بِإِذْنِ اللَّهِ وَقَتَلَ دَاوُودُ جَالُوتَ وَآتَاهُ اللَّهُ الْمُلْكَ وَالْحِكْمَةَ وَعَلَّمَهُ مِمَّا يَشَاءُ وَلَوْلا دَفْعُ اللَّهِ النَّاسَ بَعْضَهُمْ بِبَعْضٍ لَفَسَدَتِ الأَرْضُ وَلَكِنَّ اللَّهَ ذُو فَضْلٍ عَلَى الْعَالَمِينَ (٢٥١)

"যখন তিনি (তালূত) ও তাঁর সাথে থাকা ঈমান আনয়নকারীরা তা (নদী) অতিক্রম করল, তখন তারা বলল, এখন জালূত ও তার সৈন্যের সাথে যুদ্ধ করার শক্তি আমাদের কাছে নেই। তবে যারা আল্লাহর সাক্ষাতের বিশ্বাস করত তারা বলল, আল্লাহর হুকুমে কত ছোট দল বড় দলের উপর বিজয় লাভ করেছে। আর আল্লাহ রয়েছেন ধৈর্য্যশীলদের সাথে। অতঃপর যখন তারা জালূত ও তার সৈন্যদের মোকাবিলায় মাঠে আসে, তখন বলল, ওহে আমাদের প্রভু! আমাদেরকে ধৈর্য্য দান করুন, আমাদেরকে দৃঢ়পদ রাখুন ও আমাদেরকে কাফিরের দলের উপর বিজয় দান করুন। ফলে তারা ওদেরকে (শত্রুদেরকে) পরাজিত করল এবং দাউদ জালূতকে হত্যা করল। আর আল্লাহ তাঁকে রাজ্য ও প্রজ্ঞা দান করলেন এবং তাঁকে যা চেয়েছেন, তা শিক্ষা দান করেছেন। আর আল্লাহ যদি মানুষের কতককে কতক দ্বারা দমন না করতেন, তাহলে নিশ্চয় পৃথিবী ধ্বংস হত। কিন্তু আল্লাহ বিশ্ববাসীর প্রতি দয়াপরায়ণ (ফলে তিনি

তাদেরকে যুদ্ধের অনুমতি দেন)।"[বাকারাহ ঃ ২৪৯-২৫১]।

আল্লাহর রীতি ও নিয়ম আফগানিস্তানে শব্দের জগত থেকে কর্ম ও বাস্তবতার জগতে চলে এসেছে। ঈমানদারের ক্ষুদ্র একটি দল পৃথিবীর পরাশক্তির উপর বিজয় লাভ করেছে। পৃথিবীর সর্ববৃহৎ তাগুত কম্যুনিজমের পরাজয় বিশ্বের হিসাব-নিকাশকে উলট-পালট করে দিয়েছে, আন্তর্জাতিক রাজনীতির সমীকরণকে ব্যর্থ করে দিয়েছে এবং বিশ্বের অপেক্ষমান সকল রাজনৈতিক অভিসন্দর্ভকে আশাহ্ত করে গোটা দুনিয়াকে হতবাক করে দিয়েছে।

যে ক্ষুদ্র ঈমানদারের দলটিকে মাটির সাথে মিশে দেয়ার জন্য বিশ্ববাসী অবস্থান নিয়েছিল, তাকে আল্লাহ্ সুব্হানাহু ওয়াতাআলা তার করুণা ও দয়া দ্বারা সাহায্য করেছেন, দৃঢ় পদ রেখেছেন এবং সে দলটি রক্তস্নাত ও কণ্ঠকাকীর্ণ পথে কষ্ট সহ্য ও যন্ত্রণা হজম্ করে পনের বছর অবিরাম পথ চলেছে। এ পথে তাদের আলোকবর্তিকা শহীদের রক্ত। আল্লাহ্ এ ধরণের লোকদের ব্যাপারে বলেন-

فَمَا وَهَنُوا لِمَا أَصَابَهُمْ فِي سَبِيلِ اللَّهِ وَمَا ضَعُفُوا وَمَا اسْتَكَانُوا وَاللَّهُ يُحِبُّ الصَّابِرِينَ (١٤٦) وَمَا كَانَ قَوْلَهُمْ إِلاَّ أَنْ قَالُوا رَبَّنَا اغْفِرْ لَنَا ذُنُوبَنَا وَإِسْرَافَنَا فِي أَمْرِنَا وَثَبِّتْ أَقْدَامَنَا وَانْصُرْنَا عَلَى الْقَوْمِ الْكَافِرِينَ (١٤٧)

"কিন্তু তারা আল্লাহর পথে যে কষ্টের সম্মুখীন হয়েছিল, তার জন্য মনভাঙা কিংবা দুর্বল হয়নি এবং নতি স্বীকারও করেনি। আর আল্লাহ্ ধৈর্য্যশীলদেরকে ভাল বাসেন। আর যুদ্ধের কঠিন মুহূর্তে তাদের কথা কেবল এই ছিল যে, হে আমাদের পালনকর্তা! আমাদের অপরাধ ও আমাদের কর্মে আমাদের বাড়াবাড়িকে ক্ষমা করুন এবং আমাদেরকে কাফিরের দলের উপর বিজয় দান করুন।"[আলে ইমরান ঃ ১৪৬, ১৪৭]।

সমাজ বিপ্লব, জাতি গঠন ও সম্মান পুনরোদ্ধারের যে পথ নির্দেশ আমাদেরকে আফগানিস্তান দান করেছে, তার মর্মকথা হচ্ছে এই যে, বিপ্লবের জন্য একটি শুদ্ধি আন্দোলন অপরিহার্য, যা কাজ শুরু করবে তাওহীদ দিয়ে। অতঃপর জাহিলিয়াত তার সর্বশক্তি নিয়ে এ তাওহীদের বিরুদ্ধে অবস্থান গ্রহণ করবে। শুরু হবে উভয়ের মধ্যে বাক ও প্রচার যুদ্ধ। মুমিনরা ধৈর্য্য ধারণ করবে। অতঃপর একদিন এমন আসবে, যখন মুমিনের দল অস্ত্র হাতে নেবে ও তরবারী কোশমুক্ত করবে এবং তাদের প্রভুর ইচ্ছায় বজ্রের ন্যায় পথ চলে উম্মাহর শক্তি ও কল্যাণকে বিস্ফোরিত করবে, জনসাধারণ তাদের পক্ষ নিবে এবং মানুষ ও লোহা ভক্ষণকারী এ জ্বলন্ত চুলায় (রণাঙ্গনে) ত্যাগ দিতে থাকবে এবং সংগ্রাম

অব্যাহত থাকবে। এ যুদ্ধের প্রধান উপকরণ ইসলামী আন্দোলনের বীর সৈনিকেরা। মাঝপথে দুর্বল ও কাপরুষেরা ঝরে পড়তে থাকবে এবং দৃঢ়পদেরা পথ চলা অব্যাহত রাখবে। দীর্ঘ সংগ্রামের পর লড়াইয়ের উত্তাপে আত্মাগুলো পরিশুদ্ধ হবে এবং হৃদয়গুলো পরিচ্ছন্ন ও চকচকে হবে। আল্লাহ তাদেরকে তাঁর সম্মানের আচ্ছাদন বানাবেন, তাদের বিজয়ের ফলগুলোকে হেফাযত করবেন ও তাদেরকে তিনি তাঁর দীনের বিশ্বস্ত সংরক্ষক বানাবেন এবং তাদেরকে পৃথিবীতে কর্তৃত্ব দান করবেন।

আফগান জিহাদের ইতিবৃত্ত

আফগান জিহাদের ইতিবৃত্ত হচ্ছে কাবুল বিশ্ববিদ্যালয়ে ক্ষুদ্র একদল ঈমানদার যুবকের ইতিবৃত্ত। যারা জহির শাহ্র তত্ত্বাবধানে পরিচালিত সমাজতান্ত্রিক অভিযানকে রুখে দাঁড়িয়েছিল। জহির শাহ্ তার পরামর্শ পর্ষদের ছত্রিশজন কম্যুনিস্টকে কম্যুনিজম প্রচারের জন্য অনুমতি প্রদান করে। তখন কম্যুনিস্ট পার্টির প্রতিষ্ঠাতা তারাকী 'খালক' ও বাবরক কারমাল 'পরচম' নামক পত্রিকা বের করে। ইসলামী আন্দোলন তখন শ্বাসরুদ্ধকর অবস্থায় পড়ে। অতঃপর যখন ইসলামী আন্দোলন কাবুল বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংসদ নির্বাচনে অংশ গ্রহণ করে, বিজয় লাভ করে তখন রাশিয়ার রাষ্ট্রদূত এ বিজয়ের উপর মন্তব্য করতে গিয়ে বলল, এ দেশের ভবিষ্যত এ যুবকদের হাতে। অতএব, এদেরকে নির্মূল করার জন্য একটি সামরিক প্রশাসনের বিকল্প নেই।

সামরিক প্রশাসন সংস্কার আন্দোলনের শিকড় উপড়ে ফেলা, নীতি-নৈতিকতাকে পদপিষ্ঠ করা ও অচলাবস্থা সৃষ্টি করে দেশ ধ্বংসকরণে সব সময়ই সিদ্ধহস্ত থাকে। আর সামরিক শাসকের আগমন বিশৃঙ্খলা সৃষ্টির মাধ্যমে এবং রাতের অন্ধকারেই ঘটে থাকে। জনসাধারণ তাকে করতালি দিয়ে স্বাগত জানালেও তার অভ্যুত্থানের নেপথ্য নায়করা প্রতি ক্ষণে ক্ষণে তাকে এ সতর্কতা দিতে থাকে যে, আমরা যে নিয়ম-রেখা তোমার সামনে এঁকে দিয়েছি, তা থেকে যদি চুল পরিমাণ সরে যাও, তাহলে শীঘ্রই তুমি গদিচ্যুত হবে। অতঃপর যখন দমন-নিপীড়ন ও নির্যাতন-নিস্পেষণের ষ্টীম রোলার শুরু হয়ে যায়, তখন দেশ মেধা শূন্য হয়ে দেশে শুধু চরিত্র ধ্বংস করণে নিয়োজিত বিপ্লবীদের আধিপত্যই সর্বক্ষেত্রে বিরাজ করে

সকল মুসলিম দেশে সামরিক প্রশাসনের চিত্র আমরা এরকমই দেখেছি। তবে এ দ্বারা এ কথা বলা উদ্দেশ্যে নয় যে, অন্যান্য প্রশাসনগুলো ভাল। তবে অন্ধের

চেয়ে কানা অবশ্যই উত্তম। এ একই সমস্যা আফগানিস্তানেরও। ইসলামী আন্দোলনের সন্তানদের খতম করে দেয়ার জন্য জেনারেল দাউদকে ক্ষমতায় বসানো হয়। তার শাসনকে প্রতিরোধ করার জন্য ইসলামী আন্দোলনের সৈনিকেরা বন্দুকের সাহায্য গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করে। প্রথমে তাদের নিকট শুধু একটি পিস্তলই ছিল। সাইয়াফ তাদেরকে একত্রিত করে বলল, দাউদের স্বৈরশাসনের মুখে আমরা কী করতে পারি? তারা বলল, সশস্ত্র প্রতিরোধ। তবে আমাদের একটি শর্ত এবং তা হচ্ছে একটি পিস্তলের ব্যবস্থা করে দিতে হবে। সে থেকে লড়াই শুরু হল্ল এবং আল্লাহর ইচ্ছায় তা অব্যাহত থাকে। তাদের সংগ্রাম খুব কঠিন ছিল এবং তাদের ত্যাগ খুবই উন্নত ছিল।

কম্যুনিজম দেখতে পেল যে, দাউদ ইসলামী আন্দোলনকে খতম করতে সক্ষম হয়নি। ফলে সে তার নিয়ে আসা এ দাউদকে যবাই করে আরেকজনকে ক্ষমতায় বসাল। কারণ, কুকুর যখন পাহারাদারিতে ক্লান্ত হয়ে পড়ে, তখন তাকে হত্যা করে তার চেয়ে আরো শক্ত বিষদাঁত ও অধিক হিংস্রতা সম্পন্ন একটিকে নিয়ে আসা হয়। তাই দাউদকে হত্যা করে তারাকীকে নিয়ে আসা হয়। তারাকীর প্রকাশ্য কাফির ছিল এবং কমিউনিষ্ট পার্টির প্রতিষ্ঠাতা ছিল। তখন বিজ্ঞ আলেমরা ফত্ওয়া দিলেন যে, তারাকী কাফির ও এর বিরুদ্ধে লড়াই করা ফরয। ফলশ্রুতিতে গ্রামের লোকেরা তাদের আলিম বা সর্দারের অধীনে যুদ্ধ শুরু করে।

রাশিয়া বুঝতে পারে, মুজাহিদরা দিন দিন কাবুলের কাছে চলে আসছে। তখন কম্যুনিস্টরা তারাকীকে যবাই করে হাফীযুল্লা আমীনকে ক্ষমতায় বসায়। আর তাকে সুযোগ দেয় মাত্র তিন মাস। অতঃপর রাশিয়া তার সর্বশক্তি নিয়ে আফগানিস্তানে ঢুকে পড়ে হাফীযুল্লা আমীনকে হত্যা করে বাবরক কারমাল নামের নতুন এক নরপশুকে ক্ষমতায় বসায়। মনে করেছিল সে হয়তো আল্লাহর প্রিয় বান্দাদের অভিযানের গতিরোধ করতে সক্ষম হবে। রাশিয়া মনে করেছিল আফগানিস্তানে তার অভিযাত্রা সফল, সহজ ও আনন্দদায়ক হবে। মনে করেছিল চেকোশ্লোভিয়া দখল করে নিতে তার আট ঘণ্টা ব্যয় হলেও আফগানিস্তানে আট দিন বা তার অর্ধদিন বেশী লাগবে। কিন্তু দেখা গেল আট দিন থেকে আট মাস ও আট মাস থেকে আট বছর পেরিয়ে যায়। এরপরেও তার সফলতা তো দূরের কথা; একের পর এক পরাজয় ও ক্ষতি তার দেহে প্রবেশ করে তাকে [illegible] করে দিচ্ছে। আফগানিস্তান পরিণত হয়েছে রাশিয়ার ট্যাংক ও অস্ত্র [illegible]গারে।

আফগানদের সাথে পরিচয়

যেদিন আমি আফগানদেরকে দেখেছি, সে দিন থেকে আমি অনুভব করেছি মুসলমানই বিশ্বের সর্বাধিক প্রভাবশালী মানুষ যাকে পরাজিত করা অসম্ভব এবং মুসলমান এমন একটি উঁচু পাহাড়, যা কখনো স্বীয় জায়গা থেকে এদিক সেদিক দোলে না। এ কারণেই বিশ্ব সত্যিকারের মুসলিম মুজাহিদকে ভয় করে।

আমি একজন ফিলিস্তিনী, যে পরাজয়ের পর পরাজয়ের শিকার হয়েছে। আমার পরিবারকে দেখেছি তারা একের পর এক দেশ ত্যাগের যন্ত্রণা সহ্য করেছে। আমি আমার মাতৃভূমি থেকে বিতাড়িত হয়ে আমার দেশে* বিশ বছর কাটিয়েছি। আমি একটি গ্রামে বাস করতাম। ইয়াহুদীরা প্রায় রাত্রে আমাদের ঘরে হানা দিত। কিন্তু তাদের মুখে গুলি ছুঁড়বে এমন কাউকে পাওয়া যেত না। গুলি ছুঁড়লে তাকে পুলিশের কোয়ার্টারে নিয়ে কঠোর শাস্তি প্রদান করা হত।

আমি ফিলিস্তিনে বাস করেছি ও তার অবস্থা দেখেছি। ১৯৬৭ সালে আমি ফিলিস্তিনে। আমার সম্মুখ দিয়ে ইসরাঈলী ট্যাংক আমার গ্রামে প্রবেশ করেছে। কিন্তু তাদের দিকে গুলি ছোঁড়ার মত কেউ ছিল না। এ অবস্থায় একদিন আমি এমন এক মুসলিম জনগোষ্ঠীর মাঝে এসে পৌঁছলাম, যারা নিজেদের খাদ্য যোগাড় করতে সক্ষম নয়, তাদের পায়ে জুতা নেই, পেটে খাবার নেই ও পকেটে টাকা নেই। কিন্তু ইজ্জত ও সম্মান রক্ষায় তাদের শীর এত উন্নত যে, তা মেঘের সাথে টক্কর খাচ্ছে। তাদের প্রত্যেকেই যেন রাশিয়ার বিশাল বাহিনীর সম্মুখে এ কথা উচ্চারণ করছে-

مُسْلِمٌ يَا صِعَابُ لَنْ تَقْهَرِيْنِيْ + صَارِمِيْ قَاطِعٌ وَعَزْمِيْ حَدِيْدٌ

كُلُّ بَذْلٍ إِذَا الْعَقِيْدَةُ رِيْعَتْ + دُوْنَ بَذْلِ النُّفُوْسِ نَزْرٌ زَهِيْدٌ

ওহে বাধার পাহাড়! পারবে না আমাকে তুমি করতে পরাজিত

আমি মুসলিম তরবারী আমার ধারাল, সংকল্প দৃঢ় লোহার মত।

আকীদায় আঘাত আসলে প্রাণ উৎসর্গ ব্যতীত

সকল ত্যাগই হল তুচ্ছ থেকে তুচ্ছতর।

আল্লাহর কসম ১৯৬৭ সালে ইয়াহুদীদের হাতে মসজিদুল আকসার পতন হওয়ার সময় পার্শ্ববর্তী আরব দেশ সমূহ থেকে আগত সৈন্যদের দশজনও নিহত হল না। মক্কা ও মদীনার পর মুসলমানদের সবচেয়ে পবিত্র ভূমিকে রক্ষার জন্য দশজন লোকও নিহত হল না। আমি ইসরাঈলী রেডিওতে শোনেছি, 'জুনের

পঞ্চম দিন ট্যাংক বহর গিয়ে আমাদের শহর দখল করে নিয়েছে।' অন্যদিকে প্রেসিডেন্ট আবদুর নাসের বাদশা হোসাইনকে সম্বোধন করে বলছে, আমরা শত্রুদের বিমানের এক তৃতীয়াংশ ভূপাতিত করেছি এখন আমাদের বিমানগুলো তেলআবিবের উপর। মাননীয় বাদশাহ্ শান্তি চুক্তির জন্য প্রস্তুত হোন।

মসজিদুল আকসায় প্রবেশের পর আমি ইয়াহুদীদেরকে বলতে শুনেছি, 'মুহাম্মদ মারা গেছে, মুহাম্মদ মারা গেছে এবং কিছু মেয়ে রেখে গেছে।' জর্দানের সৈন্যদের প্রতিরোধের দ্বিতীয় সেক্টরে ফিরে যাওয়ার ঘোষণা দেয়ার পর এক ইয়াহুদী জোয়ান মসজিদুল আকসায় প্রবেশ করল এবং বলল, উরশিলিম (যেরুজালেম) থেকে ইয়াছরব (মদীনা) পর্যন্ত। ইসরাঈলী প্রধানমন্ত্রী বিনগোরীন বলল, 'অঙ্গীকার ভূমিতে (ফিলিস্তিন) আসার পর এটাই আমার সবচেয়ে ভাল দিন।' কারণ এটা সে দিন, যে দিন পবিত্র রাজধানীর উভয় অংশ একীভূত হয়েছে।

রাশিয়া পরাজিত

আমি ঐ তিক্ততা ও যন্ত্রণায় জীবন কাটিয়েছি। হঠাৎ আমি এমন এক মুসলিম জনগোষ্ঠীর মাঝে এসে পৌছলাম, যারা বন্দুক নিয়ে রাশিয়ার ট্যাংকের মোকাবেলা করছে। বিদ্যমান পরিস্থিতির চাপ ও প্রাচ্যবাদীদের ষড়যন্ত্রের আঘাতে মানসিকভাবে বিপর্যস্ত আরব বিশ্বের লোকেরা আফগানরা যে রাশিয়ার বিরুদ্ধে অবস্থান নিয়েছে, তা বিশ্বাসই করতে চাই না। আফগানিস্তানে আসার এক বছর পর আমি সৌদিআরবে গেলে শায়খ আবদুল মজীদ যান্দানীকে বললাম, বিজয়ের পাল্লা ভারি। তিনি বললেন, রুশ বাহিনীর? আমি বললাম, মুজাহিদ বাহিনীর। তিনি বললেন, শায়খ আবদুল্লাহ আযযাম আফগানদের প্রতি আপনার সীমাতিরিক্ত ভালবাসার কারণেই এ কল্পকথা বলছেন।

আমি বললাম, হায়! যদি আমার দেশের লোকেরা আফগানদের এ বিজয়ের কথা জানত! আমি তাদেরকে বললাম, ওহে লোকেরা ওখানে এক সফল ব্যবসা শুরু হয়েছে। ওখানে অসম সমর ও তৃতীয় বিশ্ব যুদ্ধ শুরু হয়েছে। তারপরও মুজাহিদরা বিজয় লাভ করছে। তারা বলল, রাশিয়া কি মুজাহিদদের প্রতিরোধকে দ্রুত গুড়িয়ে দিতে অক্ষম! রাশিয়া তো অত্যাধুনিক যুদ্ধবিমান ও ক্ষেপণাস্ত্রের অধিকারী। রাশিয়া ১৯৮৫ নাগাদ তার স্টককৃত সকল অস্ত্র আফগানিস্তানে ব্যবহার করেছে। এরপর সে নবনির্মিত অস্ত্র ব্যবহার শুরু করে। অস্ত্র ও বোমা তৈরির এক সপ্তাহ পর তা আফগানিস্তানে ব্যবহার করেছে। ১৯৮৫

সালে আমাদের উপর যে বোমাগুলো ফেলানো হয়েছে তাতে ১৯৮৫ লেখা ছিল। সে মিগ ২১,২৫,২৭ যুদ্ধ বিমান আফগানিস্তানে ব্যবহার করেছে। এখন মিগ ২৭ ব্যবহার করছে, যা ২৫০ কি.মি. দূর থেকে নির্ভুলভাবে নিশানায় আঘাত করছে। লোকজন বলছে, তিন সপ্তাহ হয়ে গেছে এখনও কি জালালাবাদের পতন হয়নি? অথচ তারা মুজাহিদদের মাথার উপর এসে পৌছা ক্ষেপনাস্ত্রের কথা ভুলে যাচ্ছে। এ ক্ষেপণাস্ত্র কাবুল থেকে ছোঁড়া হয়। এর ওজন সাড়ে পাঁচ টন ও দৈর্ঘ্য ১১ মিটার। এটা যেখানে গিয়ে পড়ে, সেখানে এক কিলেমিটার পর্যন্ত ধ্বংস করে। গতকাল বা এর আগের দিন এরকম নয়টি ক্ষেপনাস্ত্র মুজাহিদদের উপর ছোঁড়া হয়। এর একটি তোরখামে এসে পড়ে। তোরখাম হচ্ছে খাইবার যাওয়ার করিডোর। এ ক্ষেপণাস্ত্রের আঘাতে অনেক মানুষ নিহত হয় ও অনেক মানুষ আহত হয়।

মানুষ জানে না যে, এখন কাবুলে কম্যুনিস্ট প্রশাসনের নাভিশ্বাস শুরু হয়েছে। এখন নজীব ও গর্বাচেভ চিৎকার করে বলছে কোথায় জাতিসংঘ ও কোথায় জেনেভা চুক্তি? কোথায় পর্যবেক্ষকরা? গর্বাচেভ এখন আফগান সমস্যার সমাধানের জন্য আন্তর্জাতিক সম্মেলনের আহবান জানাচ্ছে। আমি বললাম, সুবহানাল্লাহ! গর্বাচেভ চিৎকার করছে আর্ন্তজাতিক সম্মেলনের জন্য, যাতে তাকে আফগানিস্তানে আটকে পড়া অবস্থা থেকে উদ্ধার করা যায়। আর অন্যদিকে আমরা নিজেরা আমাদের ফিলিস্তিন সমস্যার সমাধানের জন্য আন্তর্জাতিক সম্মেলনের আবেদন জানাচ্ছি। চিন্তা করে দেখুন উভয়ের মাঝে কত পার্থক্য! তবে মুজাহিদরা এমনি এ পর্যায়ে এসে পৌছেনি। তারা এ পর্যায়ে এসে পৌছেছে অনেক ত্যাগ ও দীর্ঘ রক্ত নদী অতিক্রম করে। এ যুদ্ধে ইসলামী আন্দোলনের কর্মীদের একশ ভাগের নব্বই ভাগই শাহাদত বরণ করেছে। আফগান মুহাজিরদের সংখ্যা এখন ১২ মিলিয়ন। তন্মধ্যে সাত মিলিয়ন আফগানিস্তানে। তারা ঘর-বাড়ি ছেড়ে বন-জঙ্গল ও পাহাড়ে আশ্রয় নিয়েছে। সাড়ে তিন মিলিয়ন পাকিস্তানে ও দেড় মিলিয়ন ইরানে। আকীদার কারণেই তাদের এ অবস্থা। নতুবা তারা গ্রাম ও শহরে বাস করতে পারত। নজীব* কয়েক বছর ধরে তাদেরকে পাকিস্তান থেকে ফিরে যাবার প্রস্তাব দিয়েছে। কিন্তু তারা যায়নি। কারণ, তারা দীনদার ও আকীদাধারী। তাদের এ যুদ্ধ পথম দিন থেকে আকীদার উপর ভিত্তি করেই সংঘটিত হয়েছিল।

পশ্চিমা ও বামপন্থী মিডিয়া আরব বিশ্বে এ ধারণা ছড়িয়ে দিতে প্রাণপন চেষ্টা করছে যে, আফগানিস্তানের এ যুদ্ধ গৃহযুদ্ধ। হ্যাঁ! এ যুদ্ধ আফগানদের সাথে

আফগানদের যুদ্ধ বটে। তবে তা দীন ও আকীদা কেন্দ্রিক যুদ্ধ, মুসলিম ও কাফিরের যুদ্ধ, মুমিন ও মুরতাদের যুদ্ধ এবং আল্লাহর আইন প্রতিষ্ঠাকামী ও কম্যুনিস্টদের যুদ্ধ। পৃথিবীতে আল্লাহর আইন প্রতিষ্ঠার জন্য এদের সাথে যুদ্ধের বিকল্প নেই।

রাশিয়া আফগানিস্তানের পরাজয়ের জ্বালা সহ্য করতে না পেরে আমেরিকাকে বলল, আমরা আফগানিস্তান থেকে চলে আসতে চাই। তবে আফগানিস্তানে ক্ষমতায় বসানোর জন্য বিকল্প একজনকে দেন। এ কট্টর মৌলবাদীরা আমাদের জন্যে যেমন ক্ষতিকর, তেমনি তোমাদের জন্যেও ক্ষতিকর। এরপর তারা জেনেভায় সম্মেলন করে চুক্তি করল যে, মুজাহিদদেরকে জিহাদের সকল ফল থেকে বঞ্চিত করা হবে।

তারা মাত্র এক বছর পূর্বে মুসলিম ও আরব বিশ্বে এসে বলেছে, এ আফগানদের ব্যাপারে আমাদের সহায়তা করুন। আফগান যুদ্ধ, উপসাগরীয় যুদ্ধ ও ফিলিস্তিন সমস্যা একই সূত্রে গাঁথা। তারা বলছে যদি আমাদেরকে আফগান যুদ্ধ বন্ধকরণে সাহায্য করেন, তাহলে আমরা উপসাগরীয় যুদ্ধ বন্ধ করব এবং ফিলিস্তিন সমস্যা সমাধানের জন্য একটি আন্তর্জাতিক সম্মেলন ডাকব। তারা জিয়াউল হকের কাছে একজন আরব শাসক পাঠাল যাতে সে তাকে জেনেভা চুক্তিতে স্বাক্ষর করাতে রাজী করতে পারে। সে এসে তিন ঘণ্টা পর্যন্ত জিয়াউল হকের কাছে জেনেভা চুক্তিতে স্বাক্ষরের প্রয়োজনীয়তা তিন ঘন্টা পর্যন্ত ব্যাখ্যা করে বুঝাল। জিয়াউল হক তাকে বললেন, এতদিন আপনারা কোথায় ছিলেন? শেষ

মুহূর্তে এসে আফগান জিহাদকে লেবাননের লড়াই ও ইসরাঈলী গাড়ীর নীচে মাইন পুঁতে রাখার সাথে তুলনা করতে এসেছেন ? আফগানিস্তানের জিহাদ দশ বছরের অধিক কাল ধরে চলে আসা একটি রক্তাক্ত যুদ্ধ এবং রাশিয়া এতে পরাজিত। সে বলল, রাশিয়া পরাজিত? জিয়াউল হক বললেন, হ্যাঁ! রাশিয়া পরাজিত।

আমেরিকা ও পাকিস্তান মিডিয়ার রের্কডকৃত যুদ্ধের চিত্র ও ক্ষয়ক্ষতি আমাদেরকে হতবাক করেছে। ১৯৮৮ এর জানুয়ারী পর্যন্ত রের্কডকৃত হিসাব অনুযায়ী রাশিয়ার ৪১৬০টি যুদ্ধ বিমান ধ্বংস হয়েছে। ইসরাঈলী সেনাবাহিনীর তিনগুন সেনাবাহিনী রাশিয়া এ পর্যন্ত আফগানিস্তানে হারিয়েছে। ট্যাংক হারিয়েছে ২০৮০ টি। অস্ত্র হারিয়েছে ২১ হাজার। রাশিয়ার দাবী মতে নিহত ও আহত রাশিয়ান সৈন্যের সংখ্যা ৫০ হাজার। যুদ্ধে রাশিয়ান সৈন্যদের পিছনে প্রতিদিন ব্যয় হয়েছে ৪৫ মিলিয়ন রুপি। জিয়াউল হক তাকে বললেন, আপনি কী ভাবছেন?

আফগানিস্তানের জিহাদকে কি আপনি ফিলিস্তিন সমস্যার মত মনে করেছেন?

১৯৭৮ থেকে ১৯৮৮ জিহাদ বিরামহীনভাবে চলছে। কা'বার তাওয়াফের মত আফগানিস্তানে জিহাদও এক মুহূর্তের জন্য বন্ধ হয়নি। দিন-রাত ও গরমকাল শীতকালে কা'বার তাওয়াফ এক মুহূর্তের জন্যেও বন্ধ হয় না। অনরূপ আফগানিস্তানেও এক মুহূর্তের জন্যেও জিহাদ বন্ধ হয়নি। কোন না কোন এলাকায় গুলি ছোঁড়া হচ্ছে। আমি মনে করি না এ দীর্ঘ চৌদ্দ বছরে এক মুহূর্তের জন্যে আফগানিস্তান লড়াই থেকে মুক্ত ছিল। তাই মনে করবেন না যে, রাশিয়া এমনিতে বের হয়ে গেছে। পত্রিকায় লেখা হচ্ছে যে, রাশিয়া আফগানিস্ত ান থেকে তার সৈন্য প্রত্যাহার করে নিয়েছে। রাশিয়া তার সৈন্যদের এমনিতে প্রত্যাহার করে নিচ্ছে না। সে লজ্জাকর পরাজয় বরণ ও নিজেকে ধ্বংস করার পর আফগানিস্তান থেকে বের হতে যাচ্ছে।

এক রাশিয়ান সৈন্যের স্বীকারোক্তি

কাবুল থেকে ফিরে যাওয়া একজন রাশিয়ান সৈন্যের নিকট রাশিয়ান টেলিভিশন প্রশ্ন করেছে আফগানিস্তানে তোমাদের দিন-কাল কেমন গেছে? সে বলল, 'যখন আমরা আল্লাহু আকবার হুংকার শোনতাম, তখন আমরা কাপড়ের মধ্যে পেশাব করে দিতাম।' এ কথা রাশিয়ান টেলিভিশন প্রচার করেছে।

আফগান জিহাদ গর্বাচেভের অন্তরে কম্যুনিস্ট চিন্তাধারার পরিবর্তন ঘটিয়েছে। সে এখন কম্যুনিজমকে অস্বীকার করতে বসেছে। এ মাসের মধ্যেই তার থেকে কম্যুনিস্ট চিন্তা-ধারা বিদায় নিয়েছে। পত্রিকায় তাদের বিবৃতি পড়ে দেখুন। গর্বাচেভ এখন নতুনভাবে চিন্তা করতে শুরু করেছে। তারা বলেছিল ধর্ম মানুষের জন্য আফিম। কিন্তু দেখা গেল এখন ধর্মই পৃথিবীর সর্ববৃহৎ শক্তিকে পরাজিত করছে। তারা বলেছিল ধর্ম মানুষের রক্ত চোষণকারী জোঁক। কিন্তু দেখা গেল আফগানদের ধর্ম কম্যুনিজমের শক্তিধর বিশাল বাহিনীকে পরাজিত করছে।

এক ফরাসী সাংবাদিকের ইসলাম গ্রহণ

আফগান সীমান্তে আমার সাথে একজন ফরাসী সাংবাদিকের সাথে দেখা হয়। সে যুদ্ধের সংবাদ সংগ্রহ করার জন্য এসেছে। আমি তাকে বললাম, তুমি কি আল্লাহর উপর ঈমান রাখ? সে বলল, আমি শোনতাম যে, পৃথিবীর একজন সৃষ্টিকর্তা রয়েছেন। কিন্তু আফগানরা আমাকে আল্লাহর উপর ঈমান আনতে বাধ্য করেছে। আমি বললাম কীভাবে? বলল, যখন আফগানদেরকে দেখি তাদের দ্বারা

বিশাল বিশাল ট্যাংক বহরকে পরাজিত করছে। এর মানে যুদ্ধের ময়দানে অদৃশ্য একটি শক্তির হাত রয়েছে, যাকে আমরা দেখছি না। আর তিনি হচ্ছেন আল্লাহ। এটা ফরাসী সাংবাদিকের কথা। অতঃপর আমি তাকে বললাম, তুমি আফগানিস্তানে কতদিন অবস্থান করেছ? বলল, চার মাস। বললাম, তুমি কীভাবে মুজাহিদদের মত জীবন যাপন করলে? বলল, 'এটা সহজ। সকালে একবার চা ও রুটি। দুপুরে আরেকবার চা ও রুটি।' তবে আপনারা মনে করবেন না যে, আফগানরা এত সহজে এ অবস্থায় এসে উপনীত হয়েছে।

আফগান জনগণের ট্রাজেডী

এখন আফগানিস্তানের প্রতিটি ঘর মাতম ও এতীম খানায় পরিণত। সবাই একে অপরের দিকে তাকিয়ে প্রশ্ন করছে। বলছে আমার আব্বা কোথায়? বলা হচ্ছে তারাকীর আমলে নিহত হয়েছে। বলছে আমার বড় ভাই কোথায়? বলা হচ্ছে হাফীযুল্লা আমীনের আমলে নিহত হয়েছে। বলছে আমার বোন কোথায়? আমার মা কোথায়? বলা হচ্ছে অমুক জায়গায় লাশের সাথে দাফন করা হয়েছে। আমাদের এখানে মুস্তারী নামে একজন ড্রাইভার আছে। লোকজন বলল, শায়খ আবদুল্লাহ আপনি এর ঘটনা শুনেছেন? তখন আমি তাকে বললাম তার ঘটনা খুলে বলতে। সে বলল, আমাদের পরিবারের লোক সংখ্যা বার জন। আমি বাজারে গিয়েছিলাম। আমি যাওয়ার পর বিমান এসে আমাদের ঘরের উপর বোম ফেলে চলে যায়। আমি এসে দেখলাম ঘর ও লোকজন কেউ নেই। দেখলাম এদিক-সেদিক কিছু গোস্তের টুকরো ছড়িয়ে আছে। আমি মাটির উপর থেকে গোস্তের টুকরোগুলো নিয়ে একত্রিত করতে লাগলাম। এতে বার জন লোকের বার কেজির মত গোশ্‌ত পাওয়া গেল।

কত মানুষ আফগান জিহাদের কারণে নিহত হয়েছে, তার ইয়ত্তা নেই। হেকমতিয়ারের ঘরে একজন এতীম শিশু রয়েছে। আমি তাকে জিজ্ঞেস করলাম এ কে? বললেন, এ ছেলের কোন আত্মীয় স্বজন পাওয়া যায়নি। তাই আমি তাকে নিয়ে এসে আমার ঘরে লালন-পালন করছি ।

উত্তর আফগানিস্তানে কিছু সময়

আমি উত্তর আফগানিস্তানের একটি পাহাড়ে উঠেছিলাম। পাহাড়টি চার হাজার মিটার উঁচু। পাহাড়টিতে বরফ জমেছে। পা রাখলে পিছলে যায়। আমাদের

উঠতেই হবে। বাধ্য হয়ে আমি উভয় পায়ের সাথে সাথে উভয় হাতও মাটিতে রেখে উপরে উঠতে লাগলাম। আফগানরা তাদের রসদ ও খাবার নিয়ে উপরে উঠছে। আমি আমার জ্যাকেটটিও সাথে নিতে পারলাম না। উঠার পথে কিছু মৃত ঘোড়া ও গাধা দেখতে পেলাম। এগুলো ক্লান্ত হয়ে পাহাড়ের উপর থেকে পড়ে গিয়ে মৃত্যুবরণ করেছে। তুমি উভয় পা ও হাত দিয়ে উঠার সময় কোন মাটি চেপে ধরতে বা কোন মৃত গাধায় হেলান দিতে চাইবে। আমরা ফজরের নামায পড়ে রওয়ানা দিয়ে মাগরিবের আযান পর্যন্ত সময়ে পাহাড়ের চূড়ায় গিয়ে পৌছতে পারিনি। একজন লোককে দেখলাম সে তার গাধাসহ পাহাড় থেকে পড়ে যাচ্ছে। সে গাধাকে থামানোর অনেক চেষ্টা করল। না পেরে গাধা তার উপর থাকা মাল সামানা বাদ দিয়ে সে নিজে নিজে মৃত্যুমুখে পতিত হল। তোমরা কি বিশ্বাস করবে গাধা ও খচ্চর আত্মহত্যা করে? হ্যাঁ! আফগানিস্তানে অধিক ক্লান্তির দরুণ গাধা, খচ্চর ও ঘোড়া নিজেদের আর স্থির রাখতে না পেরে পাহাড় থেকে পড়ে গিয়ে আত্মহত্যা করে।

নব্বই থেকে একশ কে জি ওজনের এক আরব যুবক ক্লান্তির দরুণ বলল, আমি আর উঠতে পারব না। আমাকে ছাড়ুন, আমি মরলে এখানে মরব। তারা তাকে ছেড়ে চলে গেলো। সে বরফের মাঝে ঘুমের ব্যাগের উপর শুয়ে মৃত্যুর অপেক্ষা করছে। রাত্রে সে অদৃশ্য থেকে আওয়াজ শুনতে পায়, আল্লাহ তোমার সাথে রয়েছে। ক্ষুধা ও ঠান্ডায় তিন দিন অতিক্রান্ত হওয়ার পর ঐ পথ দিয়ে যাওয়া একটি কাফেলা তাকে দেখতে পায়। তারা তাকে উঠিয়ে নিয়ে যায়। কিন্তু তার পা বরফের কারণে অবশ হয়ে গিয়েছিল। ফলে হাসপাতালে নেয়ার পর তার পায়ের আঙ্গুল কেটে ফেলতে হয়। এ রকম কত মানুষ বরফের মধ্যে মরে গেছে তার হিসাব নেই। এমনকি ছয় মাস পর বরফ গলে যাওয়ার পরও অনেক মৃতদেহ মানুষের নজরে আসে। এক মহিলা তার শিশুপুত্রকে নিয়ে পাহাড়ের চূড়ায় উঠার সময় ক্লান্তির দরুন তাকে রেখে চলে যায়। কারণ, তাকে নিয়ে উঠতে গেলে উভয়ের মৃত্যু নিশ্চিত। তাই সে বাধ্য হয়ে তার ছেলেকে রেখে চলে যায়। আট দিন পর সে মুজাহিদদের নিকট এসে বলল, পাহাড়ের অমুক জায়গায় বরফের নীচে আমার ছেলে রয়েছে। আপনারা তাঁকে খুঁজে এনে দাফন করলে ভাল হয়। মুজাহিদরা তার দেখানো জায়গায় গিয়ে বরফ উঠালে দেখতে পায় যে, তার ছেলে জীবিত।

বাস্তবেই আফগানিস্তানের কাহিনী খুব শোকাবহ ও দুঃখজনক। সাথে সাথে যারা পরাধীনতা থেকে মুক্ত হতে চায়, তাদের জন্য তা গৌরব ও ইজ্জতের লড়াইও

বটে। আল্লাহ্ সুব্হানাহু ওয়াতাআলা বলেন-

إِنْ تَكُونُوا تَأْلَمُونَ فَإِنَّهُمْ يَأْلَمُونَ كَمَا تَأْلَمُونَ وَتَرْجُونَ مِنَ اللَّهِ مَا لَا يَرْجُونَ وَكَانَ اللَّهُ عَلِيمًا حَكِيمًا (١٠٤)

"তোমরা যদি কষ্টের সম্মুখীন হও, তাহলে তো ওরাই তোমাদের ন্যায় কষ্টের সম্মুখীন হচ্ছে এবং তারা আল্লাহর কাছে যা আশা করে না, তোমরা সেটার আশা করছ।"[নিসা ঃ ১০৪]।

আফগানদের গুণ

আমি আফগানদের সাথে আট বছর ধরে বাস করছি। দিন দিন তাদের প্রতি আমার বিশ্বাস ও ভক্তি বৃদ্ধি পাচ্ছে। হ্যাঁ! তারা পৃথিবীর অন্যান্য জনগোষ্ঠীর মত একটি জনগোষ্ঠী। তাদের মাঝে সকল প্রকার দোষও বিদ্যমান। আমি তাদের দোষের ব্যাপারে অবহিত। তবে তাদের গুণ, তাদের দৃঢ়তা, তাদের আতিথেয়তা, তাদের বীরত্ব ও তাদের লজ্জাবোধ সকল দোষ-ত্রুটিকে ঢেকে রেখেছে। তাদের মাঝে চোর, মিথ্যুক ও মাদকসেবী রয়েছে। কিন্তু এসবের মাঝে একটি খাঁটি ও উন্নত জনগোষ্ঠীও রয়েছে। পৃথিবীর কোথাও এরকম একটি জনগোষ্ঠী আছে বলে আমার জানা নেই।

আফগান জিহাদ আমাকে যা শেখাল

আফগানরা আমাকে অনেক অনেক কিছু শিখিয়েছে। তারা আমাকে শিখিয়েছে ফিলিস্তিনকে ইয়াহুদীদের হাত থেকে ফিরিয়ে আনা সহজ ব্যাপার। শুধু সহজ না, ইনশাআল্লাহ খুবই সহজ। আমি এ ব্যাপারে পূর্ণ আশাবাদী। আমাদের কাছে যদি দু'হাজার ফিলিস্তিনী যুবক এসে প্রশিক্ষণ গ্রহণ করে ও যুদ্ধের কৌশল শিখে নেয় এবং তাদের কাছ থেকে গোয়েন্দাদের ভয় দূর হয়ে যায়, তাহলে আমি নিশ্চিত যে, ফিলিস্তিনকে স্বাধীন করা সম্ভব। ফিলিস্তিনীরা যেখানে যায়, সেখানে গোয়েন্দাদের ভয়ে ভীত থাকে। আলহামদুলিল্লাহ এখানে আমাদের গোয়েন্দা ভীতি দূর হয়ে গেছে। জিহাদ মানুষের মনকে রিযিক ও মৃত্যুর ভয় থেকে মুক্ত করে।

وَهَانَ فَمَا أُبَالِيْ بَالرَّزَايَا + لِأَنِّيْ مَاانْتَفَعْتُ بِأَنْ أُبَالِيْ

বিপদকে ভয় করা সাজে না কখনো আমার

কেননা আমি বিপদকে ভয় করে পাইনি কোন উপকার।

এখানে এসে আরব যুবকদের অন্তর পরিপক্ক হয়েছে ও তাদের হিম্মত উন্নত হয়েছে। বিশেষ করে ফিলিস্তিন ও জর্দানের যুবকদের, যারা ইনশাআল্লাহ ফিলিস্তিন মুক্ত করার পবিত্র জিহাদের উপকরণ হবে বলে আশা করছি। আট বছর ধরে আমি এখানের এ কণ্টকাকীর্ণ ও মিষ্ট পথে অবস্থান করায় ফিলিস্তিনে আমার দেশবাসী বলাবলি করছে, 'শায়খ আবদুল্লাহ আয্যাম আফগান সমস্যা নিয়ে ব্যস্ত। আফগান সমস্যা কি ফিলিস্তিন সমস্যা থেকে গুরুত্বপূর্ণ?'

আফগানিস্তান থেকে ফিলিস্তিন

হিন্দুকুশে আহত হওয়া মুজাহিদদের রক্ত বাইতুল মাকদিস মুক্তকারী ফিলিস্তিনের যুবকদের জন্যই প্রবাহিত হচ্ছে। আমি দেখছি হেলমন্দের আশে-পাশে আহত ও নিহত হওয়া শিশুরা গাজা, হাইফা, ইয়াফা, নাবলুস ও আলখলীলের* শিশু ও বিধবাদের আর্তচিৎকার পুনরাবৃত্তি করছে। তোমরা কি আমাকে পাথর মনে কর, যার কোন রক্ত নেই এবং দেশ, পরিবার, বাইতুল মাকদিস ও পবিত্র ভূমির প্রতি যার কোন টান নেই।

আমরা ও আফগানিস্তানে আসা প্রতিটি ফিলিস্তিনী ও জর্দানী যুবকের চিন্তা জিহাদের এ উজ্জ্বল চিত্র মসজিদুল আকসা, আলখলীল ও বেথলেহেমে ফুটিয়ে তোলা। আমরা আফগানিস্তানে এসেছি এখান থেকে আল্লাহ চাহে তো জিহাদের অভিজ্ঞতা ও দক্ষতা অর্জন করে তা ফিলিস্তিনের পবিত্র ভূমিতে প্রয়োগ করার জন্য।

শাহাদতের খোঁজে

হ্যাঁ! অনেকে আমার কাছে এসে বলে যে, আমরা ফিলিস্তিনে জিহাদ করতে চাই। কারণ, তারা তাদের দুনিয়াকে বিক্রি করে দিয়েছে এবং আল্লাহর পথে মৃত্যু বরণ তাদের সর্বোচ্চ আকাঙ্খায় পরিণত হয়েছে। দুনিয়া নিয়ে তাদের কোন চিন্তা নেই। সকাল-সন্ধ্যায় তাদের প্রাণকে তারা হাতে নিয়ে আল্লাহর কাছে নিবেদন করছে যাতে তাকে তার পথে কবূল করে নেন। যার প্রাণকে আল্লাহ তার পথে কবূল করছেন না, সে পেরেশান। আলহামদুলিল্লাহ বর্তমান আফগানিস্তানে এক হাজারেরও বেশী আরব মুজাহিদ রয়েছে। তাদের অধিকাংশই হারামাইনের দেশের (সৌদিআরব), যার দিকে ইসলাম পুনরায়

ফিরে যাবে। এ পর্যন্ত এ দেশের চল্লিশজন মুজাহিদ শাহাদত বরণ করেছে এবং কাবুল, কান্দাহার ও জালালাবাদের চতুষ্পার্শে তাদের পাঁচ শতাধিক যুবক পাহারারত রয়েছে ।

গত সপ্তাহে তাদের বিশজন শাহাদত বরণ করেছে। আমি তাদের একজনের কফিন বহন করেছি। কফিনে তার রক্ত পড়েছে। তার নাম খালিদ বিন মুআল্লা আল আহমদ আল হারবী। আল্লাহর কসম! তার রক্ত থেকে দাফন করার পূর্বে পাঁচ দিন পর্যন্ত মেশকের মত সুগন্ধি বের হয়েছে। তার কফিন যেখানে রাখা হয়, সেখানে সুগন্ধি ছড়িয়ে পড়ে। মানুষ তার রক্তের সুগন্ধি শোঁকার জন্য তার লাশ পাকিস্তান থেকে সৌদি আরবে নিয়ে যাওয়া হয়। এ যুবকরা তাদের জীবনকে আল্লাহর রাস্তার জন্য ওয়াক্ফ করে দিয়েছে। এদের মধ্যে মন্ত্রী ও ধনকুবেরের ছেলেরাও রয়েছে। তাদের অনেকেই বাপসহ চলে এসেছে। উসামা বিন লাদেন সে মধ্যে প্রাচ্যের সর্ববৃহৎ কোম্পানির মালিক। সে তার পিতার যাকাতের শত শত মিলিয়ন রিয়াল নিয়ে এসেছে। মসজিদে নববী সম্প্রসারণের আট হাজার মিলিয়ন রিয়ালের কাজ ফেলে এসেছে। সে এখন মৃত্যুর ঝুঁকি নিয়ে জালালাবাদে পাহারা দিচ্ছে। সে একজন হাল্কা-পাতলা ও লম্বা যুবক। তার প্রেসারের রোগী ও তার নার্ভ দুর্বল। তার পকেট লবণে পূর্ণ। তার এক হাতে রয়েছে পানির বোতল। সে লবণ গিলে খায় এবং এর পরে পানি পান করে। এ করে সে প্রেসার দূর করার চেষ্টা করছে, যাতে জিহাদের ময়দানে সব সময় থাকতে সক্ষম হয়। তোমরা কি মনে কর আল্লাহর দীন সহজেই প্রতিষ্ঠিত হয়ে যাবে? এ যুবকের বয়স এখন উনত্রিশ কিংবা ত্রিশ। তার চারজন স্ত্রী রয়েছে। তাদেরকে ছেড়েই চলে এসেছে সে। জিহাদের জন্য সে তার ধন-সম্পদসহ সব কিছু ত্যাগ করে চলে এসেছে।

ধর্মনিরপেক্ষবাদীরা কী চায় ?

কিছু লোক ধর্ম নিরপেক্ষ রাষ্ট্রের স্বপ্ন দেখে। তাদের বলতে চাই আমরা কি আমাদের সবচেয়ে মূল্যবান বস্তু প্রাণকে কি সামান্য ভূখণ্ডের জন্য উৎসর্গ করব? ফিলিস্তিনের মাটি আর ফুজাইরার* মাটির মূল্যতে একই। ঘর তো আমার যেখানে ইচ্ছা সেখানে নির্মাণ করা সম্ভব। ব্যাপারতো জমি আর মাটির নয়। ব্যাপার হচ্ছে দীনের, আকীদার, পবিত্র ভূমির, মসজিদুল আকসার ও সে সব লোকদের, যারা হূর ও জান্নাত লাভের প্রতিযোগীতায় নেমেছে। যদি জান্নাত ও হূর না পাই, তাহলে কেন আমি নিজের প্রাণ উৎসর্গ করব? যে সব বামপন্থীরা

ফিলিস্তিনের প্রচার মাধ্যম দখল করে রেখেছে, তারা ফিলিস্তিনের পবিত্র সন্তানদের মাথার খুলিতে আরোহণ ছাড়া আর কিছুই করছে না।

আমি ১৯৬৯ থেকে ১৯৭০ পর্যন্ত ফিলিস্তিনের জিহাদে অংশগ্রহণ করেছিলাম। তখন তাদের রেডিওতে বলা হত যুবকরা ইমবিরিয়ালিয়ার (إمبريالية - সাম্রাজ্যবাদ) বিরুদ্ধে তীব্র ভাবে লড়েছে। অথচ যুবকরা ইমবিরিয়ালিয়া কি চিনে না। তাদেরকে যদি ইমবিরিয়ালিয়া কি জিজ্ঞেস করা হয়, তাহলে হয়তো সে ভাববে ইমবিরিয়ালিয়া রাশিয়ার একটি শহর। আমি কি আমার প্রাণ একটি ধর্ম নিরপেক্ষ রাষ্ট্র প্রতিষ্ঠার জন্য উৎসর্গ করব? যেমন তুরস্ক, যেখানে বিশ্ববিদ্যালয়ে প্রবেশ ও সরকারী চাকুরী করতে গেলে হিজাব খুলে যেতে হয়। জর্জ হাবশ, রায়াহ গাদী ও নায়েফ হাওয়াতিমা** এখন আরব আমিরাতে। আমি জানি না এরা ফিলিস্তিনে কী করতে চায়? এরা ফিলিস্তিনের সন্তানদেরকে তাদের দীন থেকে দূরে সরিয়ে রেখেছে। এরা ফিলিস্তিনের নামে পৃথিবী ঘুরে বেড়াচ্ছে। আমরা ১৯৬৯ সালে জিহাদ করার সময় যখন আল্লাহু আকবার বলতাম, তখন নায়েফ হাওয়াতিমার গণতান্ত্রিক ফ্রন্ট বলত-

إِنْ تَسْأَلْ عَنِّي فَهَذِهِ قِيَمِيْ + أَنَا مَارْكَسِيٍّ لِيْنِيْنِيْ أُمَمِيْ

আমাকে যদি জিজ্ঞেস কর আমার মূল্যবোধ কী?

তাহলে শোন আমি মার্কসবাদী, লেনিনবাদী ও জাতিয়তাবাদী।

এরা ফিলিস্তিনের যুবকদের নষ্ট করেছে। এখনো তারা ধর্ম নিরপেক্ষবাদ, বামপন্থা ও সমাজবাদের নামে যুবকদের ধ্বংস করছে। রেডিওর প্রোগাম শুরু হয় এ বলে-

أَنَا يَا أَخِيْ آمَنْتُ بِالشَّعْبِ الْمُضِيعِ وَالْمُكَبَلِ

وَحَمَلْتُ رَشَاشِيْ لِتَحْمِلَ الأَجْيَالُ مِنْ بَعْدِنَا مِنْجَلَ

হে ভাই! আমি ঈমান এনেছি ধ্বংস ও বিতাড়নের শিকার জনগোষ্ঠীতে

এবং নিয়েছি অস্ত্র হাতে যাতে নিতে পারে পরবর্তী প্রজন্ম কাস্তে হাতে।

ফিলিস্তিনের লড়াই কি কম্যুনিজমের আন্তর্জাতিক প্রতীক কাস্তের জন্য? ওহে বস্তুবাদীরা তোমরা তোমাদের প্রাসাদে থেকে মনে করছ যে, ফিলিস্তিনের যুবকেরা তোমাদের পক্ষ নিয়েছে। তোমরা বোকার স্বর্গে বাস করছ। এ ফিলিস্তিনী যুবকদের আন্দোলিত করছে ইসলাম, মসজিদুল আকসা ও শাহাদতস্পৃহা। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর পবিত্র ইরশাদ-

إنَّ للشَّهيْد عنْدَ رَبِّه سَبْعَ خصَال،يُغْفَرُ لَهُ عنْدَ أَوَّل دَفْعَة مَنْ دَمه، وَيُرَيْ مَقْعَدُهُ من الْجَنَّة، وَيُجَارُ من عَذَاب الْقَبْرِ، وَيَأْمَنُ الْفَزَعْ الأَكْبَرْ، وَيَلْبَسُ تَاجُ الْوَقَار الْيَاقُوْتَةُ منْهَا خَيْرٌ منَ الدُّنْيَا وَمَا عَلَيْهَا، وَيُزَوَّجُ بِاثْنَتَيْنِ وَسَبْعِيْنَ مَنَ الْحُوْرِ الْعِيْنِ، وَيُشَفَّعُ بِسَبْعِيْنِ منْ أَهْلِ بَيْته.

"শহীদের জন্য তার প্রভুর কাছে সাতটি পুরস্কার রয়েছে। তার রক্ত প্রবাহিত হওয়ার সাথে সাথে তাকে ক্ষমা করা হবে, তার জান্নাতের আসন দেখানো হবে, কবরের আযাব থেকে তাকে রক্ষা করা হবে, কেয়ামতের বিভীষিকা থেকে নিরাপদ রাখা হবে, একটি সম্মানের তাজ পরানো হবে, যার একটি ইয়াকুত দুনিয়া ও তাতে যা কিছু আছে তার চেয়ে উত্তম, বাহাত্তরটি ডাগর চক্ষু বিশিষ্ট হূরের সাথে বিবাহ দেয়া হবে ও তার পরিবারের জাহান্নামে প্রবেশ যোগ্য সত্তরজনকে ক্ষমা করণে তার সুপারিশ গৃহীত হবে।"[হাদীসটি সহীহ এবং ইমাম আহমদ, তিরমিযী ও ইবনে হাব্বান কর্তৃক বর্ণিত]।

ইসরাঈলকে ধ্বংস করতে প্রয়োজন দু'হাজার মুজাহিদের

আমি এখন এ ব্যাপারে নিশ্চিত যে, যদি আমার হাতে আল্লাহর উপর ঈমান আনয়নকারী ও শাহাদত কামনাকারী দু'হাজার মুজাহিদ থাকে, তাহলে আল্লাহর ইচ্ছায় আমরা ইসরাঈলকে ধ্বংস করতে সক্ষম হব। প্রশ্ন আসতে পারে আমরা কীভাবে ইসরাঈল পর্যন্ত পৌঁছতে সক্ষম হব? এর উত্তর একটাই, যদি আল্লাহ্ সুব্হানাহু ওয়াতাআলা আমাদের সততা ও নিষ্ঠা দেখেন, তাহলে তিনি অবশ্যই আমাদের জন্য পথ খুলে দিবেন, যেমন খুলে দিয়েছেন আফগানিস্তানে। চিরঞ্জীব আল্লাহ ব্যতীত আমাদের কোন কিছু করার ক্ষমতা নেই।

বিশ্বব্যাপী আফগান জিহাদের প্রভাব

আমি বলছি আফগানিস্তান তার ত্যাগের বিনিময়ে গন্তব্যে পৌছে গেছে। মানুষ এখন আফগানিস্তান নিয়ে আশঙ্কায় ভুগছে। বিশ্বাস করুন রাশিয়া, আমেরিকা ও চীন থেকে শুরু করে গোটা পৃথিবী মুজাহিদদের হাতে ক্ষমতা না যাওয়ার জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছে। মার্কিন প্রতিরক্ষামন্ত্রী কার্লচলীকে ন্যাটোর প্রতিরক্ষামন্ত্রীরা এক বৈঠকে বলল, মনে হচ্ছে গর্বাচেভ পাশ্চাত্যের ব্যাপারে তার রাজনীতিতে পরিবর্তন আনছে। কারণ, তিনি ঘোষণা দিয়েছেন যে, পূর্ব ইউরোপ থেকে তিনি

শিগ্‌গিরই ১০ লক্ষ সৈন্য ফিরিয়ে নিবেন। কার্লচলী বলল্, আপনারা কি এটা বিশ্বাস করেন আফগানরা বিশ্ব নিয়ে গর্বাচেভের যে চিন্তাধারা ছিল তাতে পরিবর্তন এনে দিয়েছে?।

রিগ্যান হেকমতিয়ারের সাথে সাক্ষাত করার জন্য কত চেষ্টা করেছে! কিন্তু হেকমতিয়ার তা বার বার প্রত্যাখ্যান করেছেন। পাকিস্তানী রাষ্ট্রদূত বলল, আপনি কি পাগল? ৬০ জন রাষ্ট্র প্রধান রিগ্যানের সাথে সাক্ষাতের আবেদনের তালিকায় রয়েছে। কিন্তু রিগ্যান তাদের সময় পিছিয়ে দিচ্ছে এবং না করে দিচ্ছে। আর আপনার সাথে সাক্ষাত করতে চাওয়ার পরও আপনি তা প্রত্যাখ্যান করছেন! হেকমতিয়ার বললেন, হ্যাঁ ! যদি তোমরা বেশী চাপাচাপি কর, তাহলে আমি এখনই আমেরিকা ছেড়ে চলে যাব। জাতিসংঘ প্রতিনিধি কর্ডফেজ ইউনুস খালিছের সাথে কতবার সাক্ষাত করতে চেয়েছে। কিন্তু তিনি অস্বীকৃতি জানিয়েছেন। রাশিয়ার পররাষ্ট্র প্রতিনিধি ফ্রান্টসফ গত অক্টোবরে জাতিসংঘের শেষ অধিবেশনে বলেছে, আমি রব্বানীর সাথে গোপনে সাক্ষাত করতে চাই। রব্বানী বললেন, না। সাক্ষাত করলে প্রকাশ্যে ও পৃথিবীর লোকেরা জানে মত করতে হবে। বলল, তাহলে রাশিয়ায় হোক। রব্বানী বললেন, না, কোন ইসলামী রাষ্ট্র যেমন পাকিস্তান বা সৌদি আরবে হতে হবে। এ কথা বলে রব্বানী জাতিসংঘ থেকে সৌদি আরবে চলে আসলেন। সৌদি আরবে আসার পর টেলিফোন আসল যে, রাশিয়ানরা রব্বানীর সাথে সাক্ষাত করার জন্য সৌদি আরবে যেতে প্রস্তুত। কিন্তু কীভাবে আসবে? সৌদি আরবে তো তাদের দূতাবাস নেই! বাদশা ফাহদের কাছে অনুমতি চাও। রাশিয়া বাদশা ফয়সলের আমলে দূতাবাস খোলার অনুমতি চেয়ে ব্যর্থ হয়েছিল। তিনি বলেছিলেন, যারা আল্লাহকে চিনে না, তাদেরকে আমরাও চিনি না।

অনুমতি চাওয়ার পর বাদশা তাদের প্রবেশের অনুমতি দেন। ফ্রান্টসফ তার দল নিয়ে আসল। রব্বানী বললেন, আমাদের তিনটি শর্ত। প্রথমত সম্মেলন কক্ষে তোমাদের আগে প্রবেশ করতে হবে, যাতে আমরা প্রবেশ করলে তোমরা দাঁড়িয়ে আমাদেরকে সম্মান করতে পার। তারা বলল, ঠিক আছে। দ্বিতীয়ত আমরা তোমাদের সাথে করমর্দন করব না। তৃতীয়ত আফগানিস্তানের ভবিষ্যত সরকার গঠনে তোমরা কোন প্রভাব খাটাতে পারবে না। নজীবের সরকারই তোমাদের শেষ সরকার। আলোচনা শুরু হল। ফ্রান্টসফ শুধু একটি আবেদনই করল। আর তা হচ্ছে নজীবের সরকারে মুজাহিদদের পক্ষ থেকে তিনজন ক্ষমতাসীন হওয়া। যাতে আমরা বিশ্বকে বলতে পারি যে, আমরা মুজাহিদদের

সাথে চুক্তি করে আফগানিস্তান থেকে বের হয়ে এসেছি। তার এ কথায় তাকে বলা হল, ইসলাম যেখানে মুরতাদকে বেঁচে থাকার অধিকার দেয় না, সেখানে আমরা কীভাবে কম্যুনিস্ট নজীবকে আমাদের সাথে দেশ শাসনের অধিকার প্রদান করতে পারি? আমরা একজন কম্যুনিস্টকেও আমাদের সরকারে গ্রহণ করব না। দেখুন, ইসলামের সর্বোচ্চ চূড়াকে আকড়ে ধরে মুজাহিদরা মর্যাদার কত শীর্ষে আরোহণ করেছে।

জিহাদ ও গৃহযুদ্ধ

জিহাদের প্রতি বিদ্বেষ ও ভয়ের কারণে বিশ্ব সম্প্রদায় এখন বলা শুরু করেছে যে, আফগানিস্তানে গৃহযুদ্ধ চলছে। আমরা বলতে চাই, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও আবু জাহ্লের মধ্যে যে যুদ্ধ সংঘটিত হয়েছিল, সেটাও তাহলে গৃহযুদ্ধ। কারণ, আবু জাহল ও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উভয়ে মক্কার অধিবাসী ছিলেন। অতএব, বদর, উহুদ, খন্দকসহ প্রায় যুদ্ধই গৃহযুদ্ধ ছিল। এখন তাহলে মুসলমানরা এসব যুদ্ধকে কোন ধরণের যুদ্ধ হিসেবে গ্রহণ করবে? মূলত আমাদের দীন গৃহযুদ্ধের মাধ্যমে যাত্রা শুরু করেছে। তবে এ যুদ্ধ কেবল আকীদা ও দীন কেন্দ্রিক যুদ্ধ।

কম্যুনিস্টরা ছাগলের মত বিক্রি হচ্ছে

আক্ষেপ! যদি আরব বিশ্বের বামপন্থীরা এসে আফগানিস্তানের কম্যুনিস্ট পার্টির পরিণাম দেখে যেত! রাশিয়া যখন তার সৈন্যদের ফিরিয়ে নেয়ার ঘোষণা দিল, তখন রুশ সৈন্যরা এসে মুজাহিদদের কাছে আফগান কম্যুনিস্টদের বিক্রি করার প্রস্তাব দেয়। একজন কম্যুনিষ্টের মূল্য আড়াই ডলার পর্যন্ত পৌছেছে।

এরা তাদেরকে ছাগলের মত বিক্রি করে দেয়া শুরু করে। এরা যাওয়ার আগে মুজাহিদদের কাছে একজনকে পাঠিয়ে প্রস্তাব দিত যে অমুক কেন্দ্রে ১০০ জন কম্যুনিস্ট আছে। আড়াইশ ডলার দিয়ে ওদেরকে যা ইচ্ছা তাই করুন। প্রথমে আমি এটা বিশ্বাস করতাম না। কাবুলের মুজাহিদ নেতৃবৃন্দ, যাদের সাথে এ ঘটনা ঘটেছে, তারা যদি আমাকে সরাসরি না বলতেন, তাহলে এটাকে আমি কখনোই বিশ্বাস করতাম না। মুজাহিদরা কম্যুনিস্টদেরকে অর্থ দিয়ে কিনে হত্যা করছে। রুশ সৈন্যরা তিনটি মুরগীর বিনিময়ে কম্যুনিস্ট পার্টির অফিস বিক্রি করে দিয়েছে। রাশিয়া আফগানিস্তানের কম্যুনিস্ট পার্টিকে মুজাহিদদের সামনে

যে বাঘের সামনে ছাগল রেখে যাওয়ার ন্যায় রেখে চলে গেছে, তা যদি আরব বিশ্বকে ধ্বংসকারী কম্যুনিস্ট জর্জ হাবশ, মাহমুদ দরবেশ ও হেনা আলজাবেরীরা এসে প্রত্যক্ষ করে যেত!

মানুষ আফগানিস্তান নিয়ে শংকা বোধ করছে যে, ভবিষ্যতে মুজাহিদদের মাঝে ক্ষমতা নিয়ে দ্বন্দ্বের সৃষ্টি হবে। আমি আপনাদেরকে আশ্বস্ত করতে চাই যে, কোন দ্বন্দ্বের সৃষ্টি হবে না। মুজাহিদরা ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠার দ্বার প্রান্তে পৌঁছে গেছে। অবশ্যই এ নিয়ে পুরো বিশ্বে হৈ চৈ শুরু হয়ে গেছে। রাশিয়া ধ্বংস হওয়ার জন্য যে আমেরিকানরা এ জিহাদ নিয়ে ছয়-সাত বছর ধরে আনন্দিত, তারা পর্যন্ত মুজাহিদদের ব্যাপারে আশঙ্কায় ভুগছে।

ইসলামী রাষ্ট্র নিয়ে ভীতি

কোন কোন লোক মুজাহিদ নেতৃবৃন্দকে এ বলে ভয় দেখাচ্ছে যে, আপনারা যে সরকারের ঘোষণা দিয়েছেন, তার প্রতি মার্কিনীরা সন্তুষ্ট নয়। মুজাহিদরা প্রথমে মুহাম্মদ নবীকে রাষ্ট্রপতি হিসেবে ও আহমাদ শাহ্‌কে প্রধানমন্ত্রী হিসেবে ঘোষণা দিয়েছিল। তখন সাইয়াফ তাদেরকে বললেন, আমরা সরকার গঠন করেছি আফগানিস্তানের জন্য; আমেরিকার জন্য নয়। তোমরা কি মনে করছ আমরা সরকার গঠন করেছি আমেরিকার জন্য! হেকমতিয়ার তাদেরকে বললেন, পশ্চিমারা কী চায়, তা আমরা বুঝার চেষ্টা করছি, যাতে আমরা তাদের মতামতের উপর নজর রেখে ব্যবস্থা গ্রহণ করতে পারি। বলল, পশ্চিমারা চাচ্ছে সাতজনের মধ্য থেকেই প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রী নির্বাচিত হোক। তারা মুহাম্মদ নবী, সাইয়াফ ও আহমাদ শাহ্‌কে বিবেচনায় আনতে চায় না।

তাই আমি বিস্মিত হয়েছি যে, আফগানিস্তানই হচ্ছে পৃথিবীর সবচেয়ে দামী রাষ্ট্র, যার সরকার রক্ত সাগর ও শহীদের লাশের স্তুপের উপর গঠিত হয়েছে। যাকে একমাত্র সৌদিআরব ব্যতীত আর কেউ স্বীকৃতি দেয়নি। আল্লাহ্ তাদেরকে উত্তম প্রতিদান দান করুন। অথচ ফিলিস্তিনের সরকারের পায়ের নীচে কোন মাটি না থাকা সত্ত্বেও তাকে একশটি রাষ্ট্র স্বীকৃতি দিয়েছে। কবি বলেন-

أَغْنَيْ الْمَمَالِكِ مَا يُبْنَيْ عَلَيْ الأَسَلْ + وَالطَّعْنُ عِنْدَ مُحِبِّيْهِنَّ كَالْعَسَلِ

حَتَّيْ رَجَعَتْ أَقْلاَمِيْ قَوَائِلَ لِيْ + الْمَجْدُ لِلسَّيْفِ لَيْسَ الْمَجْدُ لِلْقَلَمِ

সবচেয়ে দামী রাষ্ট্র তাই, যা নির্মিত হয় তরবারী দ্বারা

যার প্রেমিকদের কাছে আঘাত মনে হয় মধুর ধারা।
এমনকি আমার কলম পর্যন্ত বলেছে এ কথা যে,
সম্মান তরবারীর জন্য, নয় সম্মান কলমের জন্যে ।

আর কোন মুসলিম রাষ্ট্র আফগানিস্তানকে স্বীকৃতি দিচ্ছেন না। কোথায় আজ ইসলামী ভ্রাতৃত্ববোধ? কোথায় আজ দীনের জন্য বন্ধুত্ব স্থাপন ও শত্রুতা পোষণের আকীদা (عقيدة الولاء والبراء)।

প্রথম লক্ষ্য মসজিদুল আকসা পুনরুদ্ধার

হ্যাঁ! আমেরিকা মুজাহিদদের প্রতি সন্তুষ্ট নয়। কারণ, তারা মৌলবাদী ও ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠায় অনড়। তারা তাদের রাষ্ট্রের সংবিধানের প্রথম ধারার উল্লেখ করছে যে, আমাদের রাষ্ট্র জিহাদের রাষ্ট্র, যার প্রথম করণীয় হচ্ছে মসজিদুল আকসাকে উদ্ধার করা। আমেরিকা সৌদি আরবকে বলেছে, মুজাহিদদের সরকারকে তোমরা কীভাবে স্বীকৃতি দান করলে, অথচ আমরা এখনো তাদেরকে স্বীকৃতি দেইনি! তোমরা এ মারাত্মক কাজ কীভাবে করলে?

জিহাদের প্রভাব

প্রায় এক বছর ধরে আমেরিকা মুজাহিদ নেতৃবৃন্দের সাথে যোগাযোগ রক্ষা করে চলছে। সাইয়াফ আমেরিকান প্রতিনিধি লামকোষ্টকে বলেছেন, তোমরা পৃথিবীর সবচেয়ে বড় দুষ্ট লোক। তোমরা ইসলামকে ঘৃণা কর। তোমরা রক্ত পিপাসু। তোমরা আমাদেরকে আমাদের জিহাদের ফল থেকে বঞ্চিত রাখার ষড়যন্ত্র করছ।

মার্কিন পররাষ্ট্র প্রতিনিধি সাইয়াফকে বলেছে যে, তিনি জংলী লোক। সে বলেছে, আমি যে মার্কিন পররাষ্ট্র প্রতিনিধি তা সবাই জানে। কিন্তু এ লোক জানে না। সাইয়াফের কথায় তার চেহারা লাল হয়ে যায়। সাইয়াফ বললেন, আমরা ইসলামী রাষ্ট্র কায়েম করতে চাই। আমাদের কাছে তোমাদের প্রয়োজন নেই। তোমরা চলে যাও।

তাদের ষড়যন্ত্র বুমেরাং হোক। তারা বলছে, আগামীতে এদের উপর আমরা অর্থনৈতিক অবরোধ আরোপ করব। কিন্তু আফগানরা অর্থনৈতিক অবরোধকে ভয় করে না। তারা রুটি ও চিনি ছাড়া চা খেয়ে থাকতে পারে। তাদের দেশে চা

উৎপন্ন হয়। হ্যাঁ! পশ্চিমা দেশগুলো গম, চাউল ও চিনি উৎপন্ন করে, যা আফগানদের প্রয়োজন মেটায়। এরপরও দুনিয়াকে তারা সালাম জানিয়ে দেশ পরিচালনা করতে পারবে। তাদের রাষ্ট্রীয় বাজেট কোন দেশের প্রতি মুখাপেক্ষী নয়। লোগারে তাদের কাছে তামার খনি আছে। রাশিয়া এ তামার মূল্য থেকে প্রতি বছর এক বিলিয়ন ডলার নিয়ে নিত। শিবরগানে তাদের গ্যাসের খনি আছে। তা থেকে বছরে সত্তর বিলিয়ন ঘনফুট গ্যাস উৎপন্ন হয়। রাশিয়া তা থেকে নিজের প্রয়োজন সেরে প্রতিবছর পশ্চিমা দেশগুলোকে পাঁচশ মিলিয়ন ডলারের মত বিক্রি করত। কান্দাহারে তাদের ইউরিনিয়ামের খনি আছে। পান্‌জশীরে মরকত (মনি) উৎপন্ন হয়, যার অর্ধাঙ্গুল পরিমাণ একটি টুকরা বিক্রি হয় অর্ধ মিলিয়ন ডলারে। জাইয়ূন নদীর তীরে স্বর্ণ উৎপন্ন হয়। বামিয়ানে* রয়েছে লোহার খনি। এ লোহা পৃথিবীর সবচেয়ে পরিষ্কার লোহা। তাদের আর কিসের প্রয়োজন ?

জিহাদ ভীতি

কিন্তু গোটা পৃথিবী রণাঙ্গণে পরিপক্কতা লাভকারী ইসলামী আন্দোলনের এ যুবকদের ভয় করছে। আল্লাহ তাদেরকে আফগানিস্তানের ক্ষমতায় অধিষ্ঠিত হওয়ার জন্য জীবিত রাখুন, যাতে তারা মানুষের দীন, সম্পদ ও ইজ্জতের নিরাপত্তাস্থল হতে পারে। পশ্চিমারা আফগানিস্তান পৃথিবীর মুসলমানদের জিহাদের ঘাঁটিতে পরিণত হওয়ার ভয় করছে। তারা ভয় করছে আফগানিস্তান বিভিন্ন দেশ থেকে বিতাড়িত ইসলামী আন্দোলনের কর্মীদের আশ্রয় কেন্দ্রে পরিণত হওয়ার। আমেরিকাতে লেখালেখি হচ্ছে যে, শিগ্‌গিরই মুজাহিদরা পূর্ব সোভিয়েত ইউনিয়নের ইসলামী অঞ্চলগুলোতে তাদের জিহাদ ছড়িয়ে দিবে। অতঃপর সোভিয়েত ইউনিয়নকে টুকরো টুকরো করে ইউরোপ পর্যন্ত চলে আসবে এবং ইউরোপের অঞ্চলগুলো তাদেরকে আবার জিয়্‌য়া দিতে বাধ্য হবে, যেমন দিয়েছিল তুর্কীদেরকে। ইয়াহুদীরা পশ্চিমাদেরকে এসব বলে সতর্ক করছে। আমি কয়েক বছর ধরে উপলব্ধি করছি যে ইয়াহুদীরা ফিলিস্তিনের জিহাদকে প্রচন্ড ভয় করছে। তাদের ভাষায় ইন্তাফাদা নামের এ জিহাদ ফিলিস্তিনীদের নতুন ভাবে জাগিয়ে তুলেছে। আলহামদুলিল্লাহ ফিলিস্তিনীরা এখন আল্লাহু আকবারের ধ্বনিতেই আন্দোলিত হচ্ছে। হামাস ইসলাম থেকে বিচ্যুত যুবকদের সিরাতুল মুস্তাকীমে ফিরিয়ে আনার কাজ শুরু করেছে। আমাদের উপর যে

বিভিন্ন ভাবে চাপ আসতে শুরু করেছে তা আমি অবশ্যই টের পাচ্ছি। ইয়াহুদীরা জেনেভা সম্মেলনে পাকিস্তানের মুজাহিদ প্রশিক্ষণ ক্যাম্পগুলো বন্ধ করার দাবি জানিয়েছে, যাতে কোন আরব সেখানে প্রশিক্ষণ গ্রহণ করতে না পারে। অধিকৃত ভূমিতে আফগানিস্তানে প্রশিক্ষণ প্রাপ্ত এক যুবকের অপারেশনে ইয়াহুদীরা হতবাক হয়ে গেছে।

বর্তমানে পাকিস্তানী ভিসার ব্যাপারে যে সব কড়াকড়ি পরিলক্ষিত হচ্ছে, তা আমেরিকান ও পশ্চিমা চাপের ফলে হচ্ছে। চার বছর আগেও পৃথিবীর যে কোন দেশ ও যে কোন ধর্মের লোক পাকিস্তানে ভিসা ছাড়া প্রবেশ করতে পারত। বর্তমান পেট্রো ডলারের দেশগুলোতে প্রবেশ করা পাকিস্তানে প্রবশে করার চেয়ে অনেক সহজ। পাকিস্তানে প্রবেশের ব্যাপারে এসব কড়াকড়ি আন্তর্জাতিক চাপের ফলে করা হচ্ছে। এয়ার লাইন্স কোম্পানীগুলোর প্রতি নির্দেশ এসেছে, ভিসা ছাড়া কাউকে পাকিস্তানে নিয়ে যাবে না। যদি পাসপোর্ট চেক করার পর কারো ভিসা পাওয়া না যায়, তাহলে তাকে ফেরত পাঠাবে। অনেক যুবককে ভিসা না থাকার কারণে বিমান বন্দর থেকে ফেরত পাঠানো হয়েছে। ফেরত পাঠানোর খবর শোনে কোন কোন যুবক জিহাদের প্রতি অত্যাধিক অনুরাগের ফলে বিমান বন্দরে বেহুঁশ পর্যন্ত হয়ে গেছে।

ভাইয়েরা! আফগানিস্তান একটি পূর্ণাঙ্গ শিক্ষালয়, যার প্রতি মনযোগ দেয়া ও যার কাছ থেকে শিক্ষা গ্রহণ করা সকল মুসলমানদের কর্তব্য। কথা অনেক দীর্ঘ। জিহাদের আলোচনা মনের কাছে খুব প্রিয়। কিন্তু সব এখানে বলে শেষ করা যাবে না। আমি জিহাদের ব্যাপারে মনকে এ কথা বলে প্রবোধ দেই-

وَقَفَ الْهَوَيْ بِيْ حَيْثُ أَنْتَ + فَلَيْسَ لِيْ مُتَأَخَّرٌ عَنْكَ وَلاَ مُتَقَدَّمٌ

أَجِدُ الْمَلاَمَةَ فِيْ هَوَاكَ حُبًّا + لِذِكْرِكَ فَلْيَلُمْنِيْ اللُّوَمُ

তোমার ভালবাসা স্থান করে নিয়েছে আমার মনে
সে তোমাকে ছেড়ে দিচ্ছে না আমাকে কোথাও যেতে।
তোমার ভালবাসার কারণে পাওয়া তিরস্কার আমাকে
উৎসাহিত করছে বার বার স্মরণ করতে তোমাকে।
অতএব, যার ইচ্ছা করুক তিরস্কার আমাকে
এ করে সে পারবে না আমাকে তোমায় ভুলাতে।

আমি এখন তোমাদের মাঝে উপস্থিত। কিন্তু আমার মন এখন আফগানিস্তানে, জালালাবাদে। আমি যখন ক্যাম্প থেকে পেশোয়ারে আমার পরিবারের সাথে

দেখা করতে আসি, তখন আমার কষ্ট লাগে। অথচ আমি যাচ্ছি পরিবারের সাথে দেখা করতে। যদি আমাকে ইসলামাবাদে যেতে হয়, তাহলে পথের দূরত্বের কারণে আমার কষ্ট আরো বেড়ে যায়। এমনকি হজের সময় যখন বাইতুল্লাহর তাওয়াফ করি, তখনও আমার অন্তর ঘুরে বেড়ায় আফগানিস্তানের মুজাহিদ ক্যাম্পে।

হেরেমে অবস্থানের চেয়ে জিহাদের পথে থাকা উত্তম

কারণ আমি জানি যে, আফগানিস্তানে রণাঙ্গনে অবস্থান করা হেরেমে অবস্থান করার চেয়ে অনেক উত্তম। যেমন আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন-

لَأَنْ أُرَابِطَ فِيْ سَبِيْلِ اللهِ سَاعَةً أَحَبُّ إِلَيَّ أَنْ أَقُوْمَ لَيْلَةَ الْقَدْرِ عِنْدَ الْحَجَرِ الْأَسْوَدِ.

"আল্লাহর রাস্তায় কিছুক্ষণ পাহারাদারি করা আমার কাছে লাইলাতুল কদরে হাজারে আসওয়াদকে সামনে নিয়ে ইবাদত করার চেয়ে অধিক প্রিয়।"[ইবনে হাব্বান]।

আল্লাহর রাস্তায় একদিন ব্যয় করা কেবল ইমারাত, জর্দান ও কায়রো নয়; সারা দুনিয়া থেকেও উত্তম। আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন-

رِبَاطُ يَوْمٍ فِيْ سَبِيْلِ اللهِ خَيْرٌ مِنَ الدُّنْيَا وَمَا عَلَيْهَا.

"আল্লাহর রাস্তায় একদিন অবস্থান করা দুনিয়া ও তাতে যা কিছু আছে তা থেকে উত্তম।"[বুখারী]।

শাহাদত সৌভাগ্য

গৌরব ও বীর ভূমি আফগানিস্তানে শাহাদত বরণকারী যুবকদের কথা মনে পড়লে আমার নিজেকে ছোটই মনে হয়। কারণ, কয়েক বছর ধরে আমি শাহাদতের সন্ধান করছি। এসব যুবকদের কামনা তিনি পূরণ করছেন। কিন্তু আমার কামনা আল্লাহর কাছে এখনো প্রত্যাখ্যাত হয়ে আছে। তাই আমার মনে হয়, আমি এখনো আল্লাহর কাছে সম্মানের পাত্র হয়নি। যদি আমি তার কাছে সম্মানের পাত্র হতাম, তাহলে এ.যুবকদের ন্যায় আমাকেও তিনি শাহাদতের জন্য নির্বাচিত করতেন।

ভাইয়েরা ! মুজাহিদের অনেক কারামত প্রকাশ পেয়েছে। কিন্তু তারা কারামতের কারণে বিজয় অর্জন করেনি। তারা বিজয় অর্জন করেছে আল্লাহর উপর তাওয়াক্কুল করার মধ্য দিয়ে। আফগানরা আল্লাহর উপর তাওয়াক্কুলের আকীদা মানুষের অন্তরে নতুন ভাবে জাগ্রত করেছে। তাদেরকে আল্লাহ মানুষের অন্তরে ঈমান পুন জাগ্রত করার জন্য নির্বাচিত করেছেন। তারা পৃথিবীর সবচেয়ে দুর্বল, পশ্চাৎপদ, দরিদ্র ও নিরক্ষর জনগোষ্ঠী। তাদেরকে আল্লাহ পৃথিবীর সর্বাধিক সেনাবাহিনীর রাষ্ট্র সোভিয়েত ইউনিয়নের মোকাবেলা করার জন্য নির্বাচিত করেছেন। আর আল্লাহ্ সুব্হানাহু ওয়াতাআলা সোভিয়েত ইউনিয়নকে পরাজিত করে আমাদেরকে তার এ কথার সত্যতা দেখিয়ে দিয়েছেন-

كَمْ مِنْ فِئَةٍ قَلِيلَةٍ غَلَبَتْ فِئَةً كَثِيرَةً بِإِذْنِ اللَّهِ وَاللَّهُ مَعَ الصَّابِرِينَ (٢٤٩)

“আল্লাহর হুকুমে অনেক ক্ষুদ্র দল অনেক বড় দলের উপর বিজয় লাভ করেছে। আল্লাহ্ রয়েছেন ধৈর্য্যশীলদের সাথে।”[বাকারাহ ঃ ২৪৯]।

মুজাহিদের কারামত

কথা অনেক দীর্ঘ। আমি এখন একজন যুবক মুজাহিদের কারামতের ঘটনা বলে আমার বক্তব্য শেষ করে দিব। যুবকটির নাম আহমাদ ফাইয। সে পাঞ্জশীরের রণক্ষেত্রে আহত হওয়ার খবর পেয়ে তার পরিবারের লোকজন এসে তাকে একটি গাছের খাটে তুলে নেয়। রাস্তা দুর্গম ও উঁচু নীচু হওয়ায় তারা তাকে রশি দিয়ে খাটের সাথে বেঁধে নেয় যাতে পড়ে না যায়। রুশ বাহিনী তাদেরকে দেখার পর গুলি করে সবাইকে হত্যা করে। ভাই আহমাদ ফাইয এবারসহ দু'বার গুলিবিদ্ধ হল। গুলিতে তার পেটে ছিদ্র হয়ে যায়। কিন্তু সে তখনো জীবিত। সে বলল, আমি চোখ খুললাম। চোখ খুলে দেখি আমি রশিতে বাঁধা। আমার পা ভেঙে যাওয়ায় নড়াচড়া করা সম্ভব হচ্ছিল না। আর আমার শরীরে বাঁধা রশিগুলোও খোলা সম্ভব হয়নি। তখন আমি বললাম, আল্লাহ আপনি যে ভাবেই হোক আমাকে বাঁচান। বলল, আমি বাঁচার আশা ছেড়ে দিয়ে ঘুমিয়ে পড়লাম। অতঃপর জাগ্রত হয়ে দেখলাম রশিগুলো খুলে গেছে। তখন আমি চাইলাম নদীর ওপারে যেতে। নদী ছিল বড় ও প্রবাহমান। সুস্থ হলেও আমার পক্ষে এ নদী পার হওয়া সম্ভব ছিল না। আর এখন যেহেতু পেটে ভর দিয়ে ব্যতীত আমার পক্ষে নড়াচড়া করাও সম্ভব নয়, সেহেতু এ নদী পার হওয়াতো কল্পনাতীত ব্যাপার। তাই আমি আশাহত হয়ে ঘুমিয়ে পড়লাম। ঘুম থেকে জাগ্রত হওয়ার

পর দেখি আমি নদীর ওপারে। এরপর আমি তের দিন পেটে ভর দিয়ে চললাম। আমার কাছে কোন খাবার ছিল না। এ সময় ঘুম থেকে জাগ্রত হওয়ার পর দেখতাম যেন আমি এখনই খাবার খাওয়া শেষ করলাম। অতঃপর আমি আরেকটি নদীর সম্মুখীন হলাম। তখন আমি ঘুমিয়ে পড়লাম। ঘুম থেকে উঠে দেখি আমি নদীর ও পারে। অতঃপর আরো তের দিন বুকে ভর দিয়ে চললাম। অতঃপর একটি পরিত্যক্ত ঘর দেখে তাতে প্রবেশ করলাম। সেখানে একটি দুধের থলে ব্যতীত আর কিছুই ছিল না। দুধের থলেটা যেন আমার জন্য অপেক্ষা করছিল। দুধগুলো পান করে নিলাম। রাত্রে মুজাহিদরা এ ঘরে ঢুকে একটি রক্তাক্ত ও কদর্মাক্ত আজব প্রকৃতির মানুষ দেখতে পেয়ে দৌড়ে পালিয়ে যায়। তখন আমি ডাক দিয়ে বললাম, আস আমি আহমাদ ফাইয। মুজাহিদরা আমাকে দেখে আশ্চর্য হয়ে জিজ্ঞেস করল, তুমি কীভাবে বেঁচে গেলে? আমরা তো মনে করেছি তুমি মারা গেছ। অতঃপর সে তাদেরকে তার ঘটনা খুলে বলল। আহমাদ ফাইয এখন মুজাহিদদের সাথে জিহাদরত। যখনই সে তার মুজাহিদ ভাইদেরকে তার এ ঘটনা বলেছে, সেদিন রাত্রে অদৃশ থেকে একটি আওয়াজ আসে যে, তুমি এটা মানুষকে বলে বেড়াইও না। এটা আমার ও তোমার মধ্যকার গোপন ব্যাপার। আমি এ কথা বলে আমার বক্তব্য শেষ করছি এবং আমার ও তোমাদের জন্য আল্লাহর নিকট ক্ষমা প্রার্থনা করছি। ওয়াস সালামু আলাইকুম ওযারাহমাতুললাহি ওয়াবারাকাতুহু। (অতঃপর শহীদ আযযাম রহিমাহুল্লাহ্ এভাবে দুআ করলেন)

اللّٰهُمَّ مَكِّنْ لِلْمُؤْمِنِيْنَ فِيْ الْأَرْضِ، اللّٰهُمَّ إِنَّا نَسْأَلُكَ الْفِرْدَوْسَ الأَعْلَيْ، اللّٰهُمَّ أَعِنَّا عَلَيْ ذِكْرِكَ وَشُكْرِكَ وَحُسْنِ عِبَادَتِكَ، اللّٰهُمَّ أَحْيِنَا سُعَدَاءَ وَأَمِتْنَا شُهَدَاءَ، وَاحْشُرْ فِيْ زُمْرَةِ الْمُصْطَفَيْ، صَلِّ اللّٰهُمَّ عَلَيْهِ وَسَلِّمْ، اللّٰهُمَّ انْصُرِ الْمُجَاهِدِيْنَ فِيْ أَفْغَانِسْتَانَ وَفِيْ فَلَسْطِيْنَ وَفِيْ لُبْنَانَ وَفِيْ كُلِّ مَكَانٍ، اللّٰهُمَّ ارْفَعْ رَايَةَ الإِسْلَامِ وَحَكِّمْ دَوْلَةَ الْقُرْآنِ وَاجْعَلْنَا مِنْ جُنُوْدِ الْقُرْآنِ، وَصَلَّيْ اللهُ عَلَيْ سَيِّدِنَا مُحَمَّدٍ وَّعَلَيْ آلِهِ وَصَحْبِهِ وَسَلَّمَ.

'হে আল্লাহ! মুমিনদেরকে পৃথিবীতে কর্তৃত্ব দান করুন। হে আল্লাহ! আমরা আপনার কাছে সর্বশ্রেষ্ঠ জান্নাত ফিরদাউস কামনা করছি। হে আল্লাহ! আমাদেরকে আপনার স্মরণ, কৃতজ্ঞতা ও সুন্দরভাবে ইবাদত করার তাওফীক দিন। হে আল্লাহ! আমাদেরকে পুন্যবান জীবন ও শহীদি মৃত্যু দান করুন এবং মুহাম্মদ মুস্তফা সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দলের অন্তর্ভূক্ত করে পুনরুত্থিত করুন। হে আল্লাহ! মুজাহিদদেরকে আফগানিস্তানে, ফিলিস্তিনে,

লোবননে ও সকল স্থানে বিজয় দান করুন। হে আল্লাহ! ইসলামের ঝান্ডাকে উন্নত রাখুন, কুরআনের রাষ্ট্র প্রতিষ্ঠা করে দিন এবং আমাদেরকে কুরআনের সৈন্যদের অন্তর্ভুক্ত করুন। হে আল্লাহ আমাদের নেতা মুহাম্মাদ, তাঁর পরিবার ও তাঁর সাহাবীদের উপর রহমত ও শান্তি বর্ষণ করুন।'

আমেরিকা মনে করেছিল যে, সে আলজেরিয়া, সৌদিআরব প্রভৃতি দেশগুলোর যুবকদের মৃত বানিয়ে রাখতে সক্ষম হয়েছে। তারা মজাদার খাবার, নারী ও গাড়ী নিয়ে ব্যস্ত। মনে করেছিল তাদেরকে সে ধ্বংস করে ফেলতে সক্ষম হয়েছে। কিন্তু হঠাৎ যখন দেখল, ঐ যুবকরাই আফগানিস্তানের রণাঙ্গনে জান-মাল উৎসর্গ করতে চলে এসেছে, তখন সে নতুনভাবে হিসাব কষতে শুরু করল। চিন্তিত হল, পরিকল্পনা ভন্ডুল হয়ে গেল নাকি!! মার্কিনীরা বলল, আমরা তাদের জন্য ব্যাংকক খুলে দিয়েছি। কিন্তু আরবরা সেখানে যাচ্ছে না, কারণ কি? ব্যাংকককে মার্কিন সৈন্যরা পৃথিবীর যেনার আড্ডা খানা বানিয়েছে। ব্যাংককে তারা মেয়েদের নিয়ে যিনার আড্ডা খানা না খুললে ভিয়েতনামে তাদের এ অবস্থা হতো না। এরা অপরাধী, এরা রক্তপিপাসু। এরা ব্যাংকক, ম্যানিলা প্রভৃতি জায়গায় অপরাধের আড্ডা খানা খুলেছে এবং ওখানে যাওয়ার পথ সহজ করে প্রতিদিন পত্রিকায় বিজ্ঞাপন দিচ্ছে, 'ব্যাংকক সফরের জন্য বুকিং করুন'। এরা ভাবল, তারা ব্যাংককে কেন যায় না, কীভাবে তারা দুনিয়ার ভোগ বিলাস ও মজা ছেড়ে দিয়ে পাহাড়ের গুহা ও চূড়ার কঠিন জীবন যাপনকে বেছে নিচ্ছে? এর মানে পরিকল্পনায় কোন ভুল রয়ে গেছে। তাই তারা নতুন ভাবে উপলব্ধি

করল যে, এ জিহাদের ব্যাপারে জনমনে বিভ্রান্তি সৃষ্টির বিকল্প নেই। তাই মার্কিন টিভি প্রতিদিন প্রচার করে বেড়াচ্ছে যে, জিহাদের জন্য আমেরিকার বার্ষিক সহায়তা ছয়শ মিলিয়ন ডলার। তাদের দেয়া ষ্টিংগার ক্ষেপনাস্ত্র বিমান ভূপাতিত করছে। অতএব, ষ্টিংগার ক্ষেপনাস্ত্রই এখন জিহাদের সবকিছু।

এরপর তারা আফগানিস্তানে গিয়ে কতিপয় মাদকসেবীদের একত্রিত করছে। তাদেরকে বলছে তোমরা মাদক মুখে দিয়ে যাও এবং রাশিয়ানদের উপর হামলা কর। তারা একে ভিডিও রেকর্ড করে মার্কিন টিভিতে প্রচার করছে এটাই আফগান জিহাদ। দেখাচ্ছে কতিপয় মাদকসেবী ডাকাত তাদের মাদক ক্ষেতকে রক্ষার জন্য অস্ত্র হাতে তুলে নিয়েছে। ঠিক মুজাহিদদের হাতে ষ্টিংগার ক্ষেপনাস্ত্রই একমাত্র মার্কিন অস্ত্র। কিন্তু আমেরিকা এ অস্ত্রের কথা ফলাও করে প্রচার করলেও এ কথা বলতে ভুলে গেছে যে, আমরা প্রতিটি ষ্টিংগার ক্ষেপণাস্ত্রের বিনিময়ে মুসলমানদের কাছ থেকে ৭০ হাজার ডলার আদায় করছি। এ কথা তাদের প্রচার পত্রের দ্বিতীয় পৃষ্ঠায় খুব ছোট করেই টিকা আকারে লেখা হয়েছে।

মার্কিনীদের নিকট আমাদের প্রশ্ন, যদি তোমাদের কথা মত আফগান জিহাদ কতিপয় মাদকসেবীদের তৎপরতা হত, তাহলে তোমরা তিন বছর ধরে জহির শাহ্কে ফিরিয়ে আনার যে প্রস্তাব দিচ্ছ, তারা সেটা কেন মেনে নিচ্ছে না? এতে করে তো তাদের সমস্যার সমাধান হয়ে যেত! তারা কেন জহির শাহ্দেরকে প্রত্যাখ্যান করছে? মুজাহিদ নেতারা তোমাদের আমন্ত্রণ সত্ত্বেও কেন তোমাদের সাথে দেখা করছে না? মুজাহিদ নেতা সাইয়াফ মার্কিনীদের বলেছেন, আমরা জানি তোমরা পৃথিবীতে আল্লাহর শত্রু, মানবতার শত্রু এবং সর্ব নিকৃষ্ট জনগোষ্ঠী। তোমরা ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠাকে পছন্দ কর না। তোমাদের অপছন্দ সত্ত্বেও আমরা ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠা করব। মার্কিন মুখপাত্র বলল, আমরা ইসলামী রাষ্ট্রকে ভালবাসি তবে ভয় করি। সাইয়াফ তাকে বললেন, আকাশে আমাদের এক জন প্রভু আছেন, যিনি তোমাদেরকে পৃথিবীর তাগুত বলেন এবং তিনি তোমাদের চেয়ে অধিক শক্তিশালী ও অনেক বড়। আমরা তার উপরই ভরসা করি। দেখুন সাইয়াফের আকীদা কী রকম? এটা কি আশআরীদের আকীদা যে, 'আকাশে আমাদের একজন প্রভু আছেন?'

কিছু লোক আছে যারা প্রচার করে যে, সাইয়াফ শিয়া। তার নাম আবদুর রাসূল। টাকার জন্য সৌদিদের সাথে সম্পর্ক করার পর নিজের নাম পরিবর্তন করে আবদুরাব্বির রাসূল রেখেছেন। অসহায় সাইয়াফ! পশ্চিমারা পর্যন্ত আফগানদেরকে তার বিরুদ্ধে উসকে দেয়ার জন্য বলে বেড়াচ্ছে যে সাইয়াফ ওয়াহাবী !!

কাঙ্খিত সমাধান

আল্লাহ সুবহানাহু ওয়াতাআলা বলেন-

أَلَيْسَ اللَّهُ بِكَافٍ عَبْدَهُ وَيُخَوِّفُونَكَ بِالَّذِينَ مِنْ دُونِهِ وَمَنْ يُضْلِلِ اللَّهُ فَمَا لَهُ مِنْ هَادٍ (٣٦) وَمَنْ يَهْدِ اللَّهُ فَمَا لَهُ مِنْ مُضِلٍّ أَلَيْسَ اللَّهُ بِعَزِيزٍ ذِي انْتِقَامٍ (٣٧) وَلَئِنْ سَأَلْتَهُمْ مَنْ خَلَقَ السَّمَوَاتِ وَالْأَرْضَ لَيَقُولُنَّ اللَّهُ قُلْ أَفَرَأَيْتُمْ مَا تَدْعُونَ مِنْ دُونِ اللَّهِ إِنْ أَرَادَنِيَ اللَّهُ بِضُرٍّ هَلْ هُنَّ كَاشِفَاتُ ضُرِّهِ أَوْ أَرَادَنِي بِرَحْمَةٍ هَلْ هُنَّ مُمْسِكَاتُ رَحْمَتِهِ قُلْ حَسْبِيَ اللَّهُ عَلَيْهِ يَتَوَكَّلُ الْمُتَوَكِّلُونَ (٣٨)

"আল্লাহ কি তাঁর বান্দার জন্যে যথেষ্ট নয়? তারা আপনাকে তাদের কথিত উপাস্যদের ভয় দেখাচ্ছে। আল্লাহ যাকে পথ ভ্রষ্ট করেন, তাকে পথ দেখানোর কেউ নেই। আর আল্লাহ যাকে পথ দেখান, তাকে পথ ভ্রষ্ট করার কেউ নেই। আল্লাহ্ কি ক্ষমতাধর ও প্রতিশোধ গ্রহণকারী নন? যদি আপনি তাদেরকে প্রশ্ন করেন যে, পৃথিবী ও আকাশ সমূহকে কে সৃষ্টি করেছে? তাহলে তারা অবশ্যই বলবে, আল্লাহ্। এখন তাদের-বলুন যে, তোমরা আল্লাহকে ছাড়া যাদেরকে ডাক, তারা কি আল্লাহ্ আমার কোন ক্ষতি করতে চাইলে, সে ক্ষতি দূর করতে পারবে কিংবা যদি আল্লাহ আমার প্রতি কোন অনুগ্রহ করেন, তা কি তারা প্রতিরোধ করতে পারবে? আপনি বলুন, আমার জন্য আল্লাহই যথেষ্ট। ভরসাকারীরা তার উপরই ভরসা করে।" [যুমার ঃ ৩৬-৩৮]।

কাঙ্খিত সমাধান কী?

তোমাদের পরিচয় হচ্ছে তোমরা কাঙ্খিত সমাধান কামনা করছ। সে কাঙ্খিত সমাধান কী যা মানুষ তোমাদের মাধ্যমে পেতে চাচ্ছে? যার কথা ইসলামী আন্দোলন কর্মীরা মাঠে-ময়দানে বলে বেড়াচ্ছে? যার জন্য তোমার মন অধীর অপেক্ষা করছে? সংক্ষেপে সমাধান কি এই নয় যে, পৃথিবীতে আল্লাহর আইনের শাসন নতুন ভাবে ফিরিয়ে আনা, যার কথা শায়খ বান্না তার দাওয়াতের প্রথম থেকে বলে এসেছেন? খেলাফতের পতনের চার বছর পর শায়খ বান্না যে তড়িত আন্তরিক প্রচেষ্টা শুরু করেছিলেন, তা খেলাফতের সে প্রাসাদ পুনঃনির্মাণের জন্য যা ধূসর বাঘ মোস্তফা কামাল আতাতুর্ক ১৯২৪ সালের ৪ঠা মার্চ ভেঙে তছনছ করেছিল। অতএব, আমাদের এ দলবদ্ধ হওয়ার একমাত্র উদ্দেশ্য সে খেলাফতের প্রাসাদের পুনঃনির্মাণই।

শায়খ বান্না বলতেন-

أَيُّهَا الإِخْوَانُ لَسْتُمْ حِزْبًا سِيَاسِيًّا، وَلاَ جَمْعِيَّةً خَيْرِيَّةً وَلاَ هَيْئَةً وَضْعِيَّةً لِحِزْبٍ مِنَ الأَحْزَابِ، أَوْ هَيْئَةً وَضْعِيَّةً لِغَرَضٍ مِنَ الأَغْرَاضِ، أَنْتُمْ نُوْرٌ جَدِيْدٌ يَسْرِيْ فِيْ هَذِهِ الأُمَّةِ فَيُحْيِيْهَا بِالْقُرْآنِ وَيُبَدِّدُ ظُلُمَاتِ الْجَاهِلِيَّةِ بِنُوْرِ الإِسْلاَمِ.

'ভাইয়েরা! তোমরা কোন রাজনৈতিক দল নও, তোমরা কোন সেবা সংগঠনও নও এবং কোন দল বা কোন উদ্দেশ্যের জন্য গঠিত কোন সংস্থাও নও। তোমরা এ উম্মাহর মাঝে চলাচলকারী এক নতুন আলো, যা কুরআন দ্বারা এ উম্মাহকে জীবিত করবে এবং ইসলামের আলো দ্বারা জাহিলিয়তের অন্ধকারকে দূরীভূত করবে'। অতএব, শহীদ বান্না ১৯২৮ সালে এ নতুন আলো যাকে ইসমাঈলিয়ায়* তার পবিত্র আহবানের মাধ্যমে জ্বালিয়েছিলেন, তার লক্ষ্য ছিল চার বছর পূর্বে ধ্বংস করা খেলাফতের প্রাসাদকে পুনঃনির্মাণ করা।

খেলাফত কী?

আমরা ব্যক্তিগত ভাবে সবাই চাই নিজেকে রক্ষা করতে, জান্নাতে প্রবেশ করতে। এতএব, আমরা যে দু' উদ্দেশ্য তথা জাহান্নাম থেকে মুক্তি ও বেহেশতে প্রবেশ করার আশায় কাজ করছি, তার মত অন্যান্য মানবগোষ্ঠীও যাতে জাহান্নাম থেকে মুক্তি পেয়ে জান্নাতে প্রবেশ করতে পারে, সে জন্য একটি কেন্দ্র প্রতিষ্ঠা করা। অর্থাৎ, পৃথিবীর কোন ভূখন্ডে কিছু লোক একজন নেতার নেতৃত্বে আল্লাহর আইন প্রয়োগ করা। আর এটাই হচ্ছে খেলাফত তথা ইসলামী রাষ্ট্র।

কাঙ্খিত ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠার কয়েকটি ধাপ

এ ইসলামী রাষ্ট্র প্রথমে এভাবে প্রতিষ্ঠিত হয়েছিল যে, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মক্কায় দাঁড়িয়ে মানুষকে ডাক দিয়ে বলেছিলেন, "বল, আল্লাহ ছাড়া কোন মা'বুদ নেই"। এ কথা বলে তিনি মানুষকে তাওহীদের দিকে আহবান করেছিলেন। এ তাওহীদ তিনি প্রকার। এক. توحيد الربوبية 'পৃথিবী সৃষ্টি ও পরিচালনায় আল্লাহকে একক জানা'। দুই. توحيد الألوهية 'ইবাদত পাওয়ার অধিকার আল্লাহর একক বলে জানা'। তিন. توحيد الأسماء والصفات, 'বিশেষ কিছু বিশেষণ ও গুণাবলীর অধিকারী একমাত্র আল্লাহই বলে বিশ্বাস করা'।

অতএব, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দাওয়াত যেমন তাওহীদ দিয়ে শুরু হয়েছিল, তদ্রুপ আমাদের দাওয়াতও শুরু হতে হবে তাওহীদের মাধ্যমে। 'তাওহীদুর রুবূবিয়াহ' বলতে অন্তর ও মানসে স্থান লাভ করা চিন্তাগত তাওহীদকে বুঝায়। অর্থাৎ, তোমার এ কথা স্বীকার করা যে, আল্লাহ্ সুব্হানাহু ওয়াতাআলা সবকিছুর সৃষ্টিকর্তা, রিযিকদাতা, জীবনদাতা ও মৃত্যুদাতা এবং সবকিছু তাঁরই ইচ্ছায় হয়, তিনিই সবকিছুর নিয়ন্ত্রণ ও পরিচালনাকারী, তিনি রক্ষা করেন এবং তার কাছ থেকে রক্ষা করা যায় না ইত্যাদি। এ সবই হল চিন্তাগত তাওহীদ। এ তাওহীদ পূর্বের যুগের সকল কাফির ও মুশরিকদের মাঝে পাওয়া যেত। যেমন আল্লাহ্ বলেন-

قُلْ مَنْ بِيَدِهِ مَلَكُوتُ كُلِّ شَيْءٍ وَهُوَ يُجِيرُ وَلَا يُجَارُ عَلَيْهِ إِنْ كُنْتُمْ تَعْلَمُونَ (٨٨)
سَيَقُولُونَ لِلَّهِ قُلْ فَأَنَّى تُسْحَرُونَ (٨٩)

"বলুন, তোমাদের জানা থাকলে বল, কার হাতে সব কিছুর কর্তৃত্ব, যিনি রক্ষা করেন এবং যার কবল থেকে কেউ রক্ষা করতে পারে না? তারা অবশ্যই বলবে আল্লাহর। বলুন, তাহলে তোমাদের কোথা থেকে যাদু করা হচ্ছে।"

[আল্মুমিনূন ঃ ৮৮, ৮৯]।

অতএব, শুধু 'তাওহীদুর রুবূবিয়াহ্'র স্বীকৃতি দানের জন্য আল্লাহ মানুষকে সৃষ্টি করেননি এবং এ জন্য কোন সময় কোন নবী ও প্রেরণ করেননি। মানুষের অন্তরে প্রাকৃতিক ভাবে যে 'তাওহীদুর রুবূবিয়াহ' লালিত থাকে, তাকে বাস্তব জগত তথা কর্মক্ষেত্রে প্রয়োগ করার নামই 'তাওহীদুল উলূহিয়াহ'। অতএব, 'তাওহীদুল উলূহিয়াহ' হচ্ছে কর্মগত তাওহীদ। প্রথম প্রকার তাওহীদ দ্বারা

আল্লাহকে তার কর্মের ক্ষেত্রে একক বলে জানা হয়। আর দ্বিতীয় প্রকার তাওহীদ দ্বারা আমাদের কর্মগুলো একমাত্র আল্লাহর জন্য এ কথার স্বীকৃতি দেয়া হয়। অতএব, আমরা নামায ও রোযা থেকে শুরু করে যে কোন কাজই করি না কেন তা একমাত্র আল্লাহর জন্যই করব। এ বিষয়টিকে কুরআন চিত্রিত করেছে এভাবে-

قُلْ إِنَّ صَلَاتِي وَنُسُكِي وَمَحْيَايَ وَمَمَاتِي لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ (١٦٢) لَا شَرِيكَ لَهُ وَبِذَلِكَ أُمِرْتُ وَأَنَا أَوَّلُ الْمُسْلِمِينَ (١٦٣)

"বলুন, আমার নামায, আমার কুরবানী এবং আমার জীবিত থাকা ও মৃত্যুবরণ (অর্থাৎ, সবকিছুই) আল্লাহ রাব্বুল আলামীনের জন্য নিবেদিত। কোন ক্ষেত্রে তার কোন অংশীদার নেই। আর তার জন্য অংশীদার সাব্যস্ত করা থেকে পবিত্র থাকার জন্যেই আমি আদিষ্ট এবং আমি সর্বপ্রথম মুসলিম।"[আনআম ঃ ১৬২,১৬৩]।

তাওহীদুল আসমা ওয়াস্‌সিফাতের অর্থ হচ্ছে কুরআন ও সহীহ হাদীসে আল্লাহ্ সুব্‌হানাহু ওয়াতাআলার যে সব সুন্দর নাম ও মহৎ গুণাবলীর কথা উল্লেখ হয়েছে, সেগুলো কোন প্রকার বিকৃতি, অস্বীকৃতি, অপব্যাখ্যা ও সৃষ্টির সাথে সাদৃশ্যকরণ ছাড়া মেনে নেয়া। কুরআনে বর্ণিত আল্লাহর নামগুলো দ্বারাই আমরা আল্লাহকে ডাকব। এতে কোন কিছু বৃদ্ধিও করব না, কমাবও না। আল্লাহ্ সুব্‌হানাহু ওয়াতাআলা নিজেকে জব্বার বলে অভিহিত করেছেন। অতএব, আমরা তাকে জাবের বলে অভিহিত করব না। আবদুল জব্বার নাম রাখা জায়েয। কিন্তু আবদুল জাবের নাম রাখা জায়েয নেই। কারণ, জাবের নামে আল্লাহর কোন নাম নেই। অনুরূপ হাদীসে এসেছে আল্লাহ সাতীর (ساتر) অর্থাৎ, আল্লাহ (বান্দার গুনাহ) ঢেকে রাখেন। অতএব, আমরা আল্লাহ ছাড়া অন্য কাউকে সাতীর (ساتر) নামে অভিহিত করব না।

অনুরূপ আমরা আল্লাহর জন্য নিজের পক্ষ থেকে নামও তৈরী করব না। যেমন ধরুন কুরআনে আছে- الرَّحْمَنُ عَلَى الْعَرْشِ اسْتَوَىٰ. "আল্লাহ আরশে উপবেশন করেছেন"। কিন্তু তাই বলে আমরা আল্লাহকে উপবেশনকারী (المستوي) নামে অভিহিত করতে পারি না। ইমাম ইবনে হায্‌ম বলেছেন–

أَجْمَعَتِ الْأُمَّةُ عَلَىٰ أَنَّهُ لَا يَجُوزُ لِأَحَدٍ أَنْ يُسَمِّيَ أَحَدًا عَبْدَ الْمُسْتَوِي وَلَا أَنْ يَقُولَ يَا مُسْتَوِي أَغِثْنِي.

'সমগ্র উম্মাহ এ ব্যাপারে একমত যে, কারো জন্য কাউকে আবদুল মুত্তাবী নামে অভিহিত করা জায়েয নেই এবং এ কথা বলাও জায়েয নেই যে, হে মুত্তাবী আমাকে সাহায্য করুন'।

তাওহীদের এ দাওয়াতকে মক্কায় কিছু লোক গ্রহণ করেছিলেন। ফলে জাহিলিয়াত তার সর্বশক্তি নিয়ে তাদের বিরুদ্ধে দাঁড়িয়েছিল, তাদেরকে বিতাড়িত করেছিল, দেশান্তর করেছিল, ক্ষুধার্ত রেখেছিল, শেষ পর্যায়ে মারধর করেছিল। এ সবের সামনে যারা ঝরে পড়েছে, তারা ঝরে পড়েছে ও যারা মুরতাদ হয়েছে, তারা মুরতাদ হয়েছে। শেষ পর্যায়ে আল্লাহ অবশিষ্ট দৃঢ়পদ ও ধৈর্য্যধারণকারীদের জন্যই পথ খোলা রেখেছিলেন এবং তাদেরকে পৃথিবীর কর্তৃত্ব দান করেছিলেন।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম- এর চারপাশে যখন দৃঢ়পদের একদল মানুষ সংগঠিত হল, তখন তিনি এমন একটি ভূখন্ড খোঁজা শুরু করলেন, যেখানে তিনি আল্লাহর দীন প্রতিষ্ঠা করবেন ও আল্লাহর দীনকে বিজয়ী করবেন। এ উদ্দেশ্যে বিভিন্ন গোত্রের কাছে আবেদন জানালেন যে, কে আমাকে আল্লাহর দীন প্রচারের জন্য জায়গা দিবেন? আল্লাহর হুকুমে মদীনার আওস ও খাযরাজ গোত্রের কিছু সর্দার তাঁর সাহায্যে এগিয়ে এলেন, যারা আকাবার রাত্রে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর হাতে ইসলামের দীক্ষা গ্রহণ করেছিলেন। এ সাহায্য তিনি লাভ করেছেন তার দাওয়াতী যিন্দেগীর বার বছর পর। আল্লাহর হুকুমে তিনি মদীনায় চলে গেলেন এবং সেখানে গিয়ে শুরু হল জিহাদ। আল্লাহ এ ব্যাপারে বলেন–

أُذِنَ لِلَّذِينَ يُقَاتَلُونَ بِأَنَّهُمْ ظُلِمُوا وَإِنَّ اللَّهَ عَلَى نَصْرِهِمْ لَقَدِيرٌ (٣٩)

"যাদের সাথে যুদ্ধ বাঁধানো হচ্ছে, তাদেরকে যুদ্ধ করার অনুমতি দেয়া হল। কারণ, তারা নির্যাতিত। আর আল্লাহ তাদেরকে বিজয়ী করার ক্ষমতা রাখেন।"[হজ ঃ ৩৯]।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্বীয় উদ্দেশ্য সফলকরণে একটি পরিকল্পনা আঁটলেন। আর তা হচ্ছে মহা মূর্তি তথা কুরাইশদের মূর্তিকে ধ্বংস করা। যখন কুরাইশদের মূর্তি ভেঙে যাবে এবং তাদের প্রতিরোধ শেষ হয়ে যাবে, তখন মানুষ আল্লাহর দীনে দলে দলে প্রবেশ করবে। তাই তিনি তার চতুষ্পার্শ্বের ইয়াহুদীদের সাথে কতিপয় চুক্তি করলেন। এরপর তিনি কুরাইশকে প্রধান শত্রু হিসেবে চিহ্নিত করলেন। অতঃপর কুরাইশদের সাথে তাঁর যুদ্ধ শুরু হয়। কুরাইশদের সাথে যুদ্ধের এ পথে তিনি বানু কাইনুকার উপর আঘাত

হানলেন, বানু নাযীরকে দেশান্তর করলেন এবং বানু কুরাইযাকে হত্যা করলেন। কিন্তু যে শত্রুকে মূল টার্গেট বানিয়েছেন এবং যাকে দমন করার জন্য রাত দিন পরিকল্পনা করেছেন, সে হচ্ছে কুরাইশ। অতঃপর তিনি কুরাইশদের উপর বিজয় লাভ করলেন। এ সময় ইসলামী বিধি বিধান আল্লাহর পক্ষ থেকে অবতীর্ণ হচ্ছিল এবং এগুলোকে পর্যায়ক্রমে মুসলিম সমাজে প্রয়োগ করছিলেন কুরআন অবতরণ শেষ হল এবং আল্লাহর দীন প্রতিষ্ঠাকামী মানবতার জন্য আদর্শ হিসেবে পৃথিবীর একটি অঞ্চলে ইসলামী শাসন বাস্তবায়ন করে দেখানো সম্পন্ন হল। অতঃপর আল্লাহ্ সুব্হানাহু ওয়াতাআলা তাকে নিজের কাছে নিয়ে গেলেন।

পৃথিবীতে আল্লাহর দীন পুনরায় প্রতিষ্ঠার যত আন্দোলন পরিচালনা করা হোক, তা ঐ পথের অনুসরণের মাধ্যমে করতে হবে, যে পথে আল্লাহর দীন প্রথম বার কায়েম হয়েছিল।

তাওহীদের দিকে আহবান সাময়িক। তাওহীদের চতুষ্পার্শে মানুষ সংগঠিত হওয়ার পর জ্বালানো হয়েছে জিহাদের আগুন। অতঃপর মানুষ এ আগুনের চতুষ্পার্শে ক্রমান্বয়ে জড়ো হওয়া শুরু করে। আর এ জিহাদই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নেতৃত্বে পরিচালিত আন্দোলনের প্রধান বাহন হিসেবে রয়ে যায়। আন্দোলনের এ পথে তার অনেক কর্মী শহীদ হন। এর নেতৃত্বে কিছু লোক দৃঢ়পদ থাকেন। মানুষ আস্তে আস্তে তাদের কাছে এসে ইসলামের দীক্ষা গ্রহণ করতে থাকে। যখন তারা বাতিলের উপর বিজয় লাভ করেন, তখন মানুষ আল্লাহর দীনে দলে দলে প্রবেশ করতে শুরু করে।

জিহাদ যে ইসলামী আন্দোলনের অবকাঠামোর একটি অংশ ও স্তম্ভ সমূহের একটি স্তম্ভ না হবে, সে ইসলামী আন্দেলন ইসলামী আন্দোলন নয়; তা একটি সেবা সংস্থা, যা এতীম, বিধবা ও মিসকীনদের সাহায্য করে বা সচ্চরিত্র ও ধুমপান ত্যাগের প্রতি আহবান জানায়।

অতএব, জিহাদ ইসলামী আন্দোলনের অবকাঠামোর অন্যতম উপাদান ও স্তম্ভ হওয়া অপরিহার্য। নতুবা ইসলামী আন্দোলন অন্ধকারে থেকে যাবে এবং কোন দিন নিজের পায়ে দাঁড়াতে পারবে না। কারণ, আল্লাহর শত্রুদের পক্ষে তো তোমাকে ক্ষমা করা সম্ভব নয়, তারা তোমার সাথে অবশ্যই লড়বে। অতএব, তুমি যদি শক্তিশালী না হও, তাহলে তোমাকে নেকড়ে খেয়ে বসবে।

আধুনিক যুগে আমরা শায়খ বান্নার ইসলামী আন্দোলনকে আদর্শ হিসেবে গ্রহণ করতে পারি। দেখুন, তিনি কীভাবে ইসলামের বিধানকে প্রতিষ্ঠা করার চেষ্টা করে গেছেন। প্রথমে তিনি তাওহীদের উপর প্রশিক্ষণ দিয়েছেন। অতঃপর

জিহাদের আগুন জ্বেলেছেন। অতঃপর জনসাধারণ তার দাওয়াতকে সমর্থন জানাল। কারণ, জনগণের সমর্থন না পেলে ইসলামী আন্দোলনের পক্ষে একা ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠা করা সম্ভব নয়। কারণ, রণাঙ্গণ খুব দীর্ঘের এবং ত্যাগের প্রয়োজন অত্যাধিক আর ইসলামী আন্দোলনের সন্তানরা সংখ্যায় কম। আর ভাল জিনিস কমই থাকে। অতএব, যারা জিহাদের চিন্তা বাদ দিয়ে ইসলামী আন্দোলনের কর্মী জনসংখ্যার শতকরা দশ ভাগ বা বিশ ভাগে পৌছার অপেক্ষা করে এবং বলে যে, শতকরা দশ কিংবা বিশ ভাগ জনগণ যখন ইসলামী আন্দোলনের কর্মী হবে, তখন ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠা করব, তারা সমাজের প্রকৃতি, দাওয়াতের নীতি ও পৃথিবীতে আল্লাহর রীতি ও নিয়ম উপলব্ধি করে না। ইসলামী আন্দোলনের কর্মী সংখ্যা জনসংখ্যার একশ ভাগের পাঁচ কিংবা দশ ভাগে এসে পৌছা কখনো সম্ভব না, এটা অবাস্তব স্বপ্ন ছাড়া কিছুই নয়।

রাসূলল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাহাবীদের দিকে দেখুন। মক্কার তের বছরে তাদের সংখ্যা ছিল শতের কাছাকাছি। জিহাদের পথে অগ্রসর হওয়ার পর বদরে গিয়ে তাদের সংখ্যা দাঁড়াল ৩১৩ (তিনশ তের) জনে। উহুদে গিয়ে তাদের সংখ্যা দাঁড়াল ৭০০ (সাতশ) এ। হুদাইবিয়ায় গিয়ে তাদের সংখ্যা এসে দাঁড়ায় ১৪০০ (চৌদ্দশ) এ। মক্কা বিজয়ের দিন তাদের সংখ্যা এসে উপনীত হয় ১০০০০ (দশ হাজার) এ। কেন এত বিরাট পার্থক্য। ষষ্ঠ হিজরীতে হুদাইবিয়ার সন্ধির সময় সাহাবীদের সংখ্যা ছিল ১৪০০। কিন্তু মক্কা বিজয়ের দিন দশ হাজার হল কীভাবে? এর কারণ, যুদ্ধে হেরে কুরাইশরা তাদের দম্ভ অহংকারকে খুইয়ে স্বীকার করে নিল যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামই কর্তৃত্বের অধিকারী। তাই তারা তাঁর হাতে কর্তৃত্বের চাবি তুলে দিতে বাধ্য হয়। হুদাইবিয়ার সন্ধি আরব দীপে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম- এর রাজনৈতিক প্রভাব বহুগুণে বৃদ্ধি করল। ফলে মানুষ আল্লাহর দীনে দলে দলে প্রবেশ করা শুরু করল। কারণ, মানুষের ইসলাম গ্রহণে কুরাইশদের দম্ভ ও আল্লাহর দীনের সাথে তাদের শত্রুতা বড় বাধা ছিল। অতঃপর যখন হুদাইবিয়ার সন্ধির মাধ্যমে কুরাইশরা তাদের দম্ভ অহংকার থেকে হটে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম- এর সাথে চুক্তি করতে বাধ্য হল, তখন জনসাধারণ মনে করল মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম- এর বিজয় অনিবার্য। ফলে তারা ব্যাপক ভাবে ইসলামে দীক্ষিত হতে শুরু করে। অষ্টম হিজরীতে মক্কা বিজয় হল এবং কুরাইশরা পরাজয় স্বীকার করে নিল। মক্কা বিজয় রমযানে হয়েছিল। নবম হিজরীর জুমাদাল উখরা বা রজব মাসে তথা মক্কা বিজয়ের নয় মাস পর তাবূক অভিযান পরিচালিত হয়। মুসলমানদের সংখ্যা

মক্কা বিজয়ের দিন দশ হাজার ছিল। কিন্তু তাবূক অভিযানের সময় মুসলমানদের সংখ্যা এসে দাঁড়ায় ত্রিশ হাজারে। বিপুলভাবে বর্ধমান এ সংখ্যা যুদ্ধ সমূহে মুসলমানদের বিজয়েরই ফল। দশম হিজরীর শেষের দিকে যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিদায় হজ করতে গিয়েছিলেন, তখন মুসলমানদের সংখ্যা এসে পৌঁছে এক লক্ষ চৌদ্দ হাজারে।

তুমি শক্তিশালী না হলে মানুষ তোমার পক্ষ নিবে না। দুর্বলতা ও কষ্টের সময় গণ মানুষের পক্ষে তোমার সাথে এসে দাঁড়ানো কল্পনাতীত ব্যাপার। কারণ, গণ মানুষ অবস্থা দেখেই ব্যবস্থা গ্রহণ করে। আল্লাহ বলছেন−

إِذَا جَاءَ نَصْرُ اللَّهِ وَالْفَتْحُ (١) وَرَأَيْتَ النَّاسَ يَدْخُلُونَ فِي دِينِ اللَّهِ أَفْوَاجًا (٢)

“যখন আল্লাহর সাহায্য ও বিজয় এসে গেল, আর আপনি মানুষকে দেখছেন, তারা আল্লাহর দীনে দলে দলে প্রবেশ করছে।”

আল্লাহর সাহায্য ও বিজয়ের পরই মানুষ আল্লাহর দীনে গণহারে দীক্ষিত হয়। দুর্বলতা ও কঠিন পরিস্থিতির সময় কেবল সেসব দুর্লভ ও অনন্য সাধারণ লোকেরা তোমার পাশে থাকবে, যারা ত্যাগ ও মৃত্যুর জন্য সর্বদা প্রস্তুত থাকে।

ইখওয়ানেরর অর্জিত অভিজ্ঞতা সমূহ

শায়খ বান্না এ নীতি কীভাবে প্রয়োগ করেছেন দেখুন। তিনি ফিলিস্তিনের মুসলমানদের উৎখাতের ষড়যন্ত্র দেখে সেখানে তিনি তাঁর পক্ষ থেকে কয়েকটি দল পাঠান। শহীদ বান্না তার আন্দোলন নিয়ে প্রকাশ্যে মাঠে না আসার পূর্ব থেকে ইংরেজ ও ইয়াহুদীরা তার আন্দোলন নিয়ে ভীষণ আশঙ্কায় ভুগছিল। যখন দেখা গেল তার আন্দোলনের কর্মীরা অস্ত্রধারণ করে তাদের মুখোমুখি হচ্ছে, তখন গোটা পশ্চিমা বিশ্বে হৈচৈ শুরু হয়ে যায়।

আমেরিকার একটি বিশ্ববিদ্যালয়ে যার নাম এখন আমার মনে আসছে না, কিছু পত্রিকা সংরক্ষিত আছে, যেগুলোতে শহীদ বান্নার নিহত হওয়ার ছবি আছে এবং তার নীচের ক্যাপশনে এ কথা লেখা আছে যে, আজ বিশ্বের সবচেয়ে ভয়ঙ্কর লোকটি নিহত হল। এ সংবাদ শুনেই সাইয়েদ কুতুব ইখওয়ানুল মুসলিমীনের আন্দোলনের প্রতি আকৃষ্ট হয়ে তাতে যোগদান করেন। বান্নার শাহাদতে যখন আমেরিকাকে তিনি আনন্দ প্রকাশ করতে দেখলেন, তখন তিনি ভাবলেন, তাঁর দাওয়াত অবশ্যই সত্যের উপর ছিল। না হলে তাকে নিয়ে বিশ্বের ইসলামের শত্রুদের এত মাথা ব্যথা কেন?

এ ইসলামী আন্দোলনই ফিলিস্তিনের বুকে সাড়া জাগানো একমাত্র আন্দোলন। এ আন্দোলন অনেক ত্যাগ স্বীকার করেছে ও উন্নত দৃষ্টান্ত স্থাপন করেছে। এমনকি ডায়ান পর্যন্ত মা'রূফ হাদারীকে বন্দী বিনিময়ের দিন এ কথা বলেছিল যে আজকে আমরা আপনাকে বিনিময় হিসেবে মিশরীদের কাছে হস্তান্তর করছি। মারূফ হাদারী ফিলিস্তিনে গ্রেফতার হওয়া ইখওয়ান নেতা ছিলেন। মা'রূফ হাদারী তাকে বললেন, আমি আপনার কাছে একটি কথা জিজ্ঞেস করতে চাই যে, আপনারা সবার ক্যাম্পে হামলা চালালেও ইখওয়ানুল মুসলিমীনের ক্যাম্পে কেন হামলা চালাননি? ডায়ান বলল, আমরা তো বাঁচার জন্য এসেছি। আর ইখওয়ানুল মুসলিমীন এসেছে মরার জন্য। যারা মরতে চায় তাদেরকে পরাজিত করা অসম্ভব। তাই আমরা তাদের ক্যাম্পে হামলা করিনি।

শায়খ বান্না ফিলিস্তিনে ইয়াহুদীদের উপর বিজয় লাভ ও তাতে ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠার জন্যে মিশর থেকে দশ হাজার যুবক পাঠানোর ইচ্ছা করেছিলেন। এর ফলে আরবের রাজা ও স্বৈরাচারীদের সিংহাসনগুলোর একের পর এক পতন হত। কিন্তু তিনি ভুলবশত আরব লীগের শীর্ষ বৈঠকে এ মর্মে টেলিগ্রাম পাঠান যে, আমি দশ হাজার যোদ্ধা নিয়ে ফিলিস্তিনে প্রবেশ করতে চাই। অতএব, আমাকে অনুমতি দিন। এরপর থেকে তার বিরুদ্ধে অবিরাম ষড়যন্ত্র শুরু হয়ে যায়। আমেরিকার প্রতিনিধিত্বকারী রাষ্ট্রদূতরা তথা আমেরিকা, ফ্রান্স ও বৃটেনের রাষ্ট্রদূত একত্রিত হয়ে ১৯৪৮ এর ৬ ডিসেম্বর ইখওয়ানের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করে। অতঃপর ইখওয়ান কর্মীদের কারাগারে নিক্ষেপ শুরু হয়। শায়খ বান্নাকে বাইরে রাখা হয়। অতঃপর এর দু'মাস শেষে তাকে হত্যা করা হয়।

ওই সময় আমরা পরিস্থিতির সুযোগ গ্রহণ করে ফিলিস্তিনকে ইয়াহুদী মুক্ত করতে পারতাম। সে সময় ইসলামী আন্দোলন সবচেয়ে শক্তিশালী ছিল। সে সময় মিশরের ইসলামী আন্দোলনের বীর সন্তানরা সানাই উপত্যকা অতিক্রম করে খান ইউনুসে পৌঁছে যেতে পারত এবং শত্রুদের পরাজিত করে গোটা ফিলিস্তিনকে ইসলামী রাষ্ট্রে পরিণত করা যেত। কিন্তু ফিলিস্তিনের ব্যাপারে শায়খ বান্নার সিদ্ধান্ত গ্রহণ অনেক দেরী হয়ে যায়। ফলে আমরা সফলকাম হতে পারিনি। এরপরও আমরা কিছু মুজাহিদ ও কিছু শহীদদের পেশ করে আল্লাহর কাছে কৈফিয়ৎ দিয়েছি।

ফিলিস্তিন যাতে মুক্ত হতে না পারে, সে জন্য ইসলামী আন্দোলনের উপর দমন নিপীড়ন শুরু হয়ে যায়। শহীদ বান্নার নিহত হওয়ার দু'দিন পর রুড্স চুক্তি সম্পন্ন হয় এবং মিশর ইয়াহুদী রাষ্ট্র প্রতিষ্ঠার স্বীকৃতি দান করে। এর দশ দিন পর জর্দান স্বীকৃতি দান করে। তার এক মাস পর সিরিয়াও স্বীকৃতি দেয়।

শায়খ বান্না থেকে বর্ণনা করা হয়েছে যে, তিনি প্রথমে মিশরেই ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠা করতে চান। যখন ফারুক** ও তার পেটুয়া বাহিনীর পক্ষ থেকে ইখওয়ানের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করা হয়, তখন তিনি ফিলিস্তিনে

লোক পাঠানোর ব্যবস্থা করেন। যুদ্ধ বন্ধের জন্য নাফরাসীর চুক্তিতে স্বাক্ষর করার পর ১৯৪৮-এর ডিসেম্বরে তিনি শেষবারের মত যুবকদের ফিলিস্তিনে প্রেরণ করেন। শায়খ বান্নার সেক্রেটারী আবদুল বদী সাকার বলেন, আমরা সর্বশেষ দলকে ফিলিস্তিনে পাঠালাম। শায়খ বান্না তাদেরকে খুব উৎসাহের সাথে বিদায় দেন। অতঃপর তিনি আমাকে হাতে ধরে ইখওয়ানের অফিসের একটি কক্ষে নিয়ে গেলেন এবং বললেন, ফিলিস্তিনতো শেষ হয়ে গেল। আমি বললাম, ফিলিস্তিনে পাঠানো এ যুবকদের রক্তের জন্য আল্লাহর কাছে আপনিই দায়ী থাকবেন। তখন তিনি বললেন, ওহে মিসকীন, আমি কোন যুবককে তার ফরয দায়িত্ব পালন করতে যাওয়ায় বাধা দিতে পারি না। দ্বিতীয়ত আন্তর্জাতিক পরিকল্পনা বলছে যে, ফিলিস্তিনে যা হবার হয়ে গেছে। তবে হতে পারে এ যুবকরা আল্লাহর ইচ্ছায় আন্তর্জাতিক পরিকল্পনা বাতিলের ক্ষেত্রে একটি ভূমিকা পালন করতে পারে।

ফিলিস্তিনে পরীক্ষা শেষ হয়েছে। আমরা ফিলিস্তিনে সুযোগের যথাযথ সৎ ব্যবহার করতে পারিনি। এরপর আমাদের চলার পথ সংকুচিত হয়ে যায়। অবশ্যই প্রত্যেক ক্ষেত্রে আল্লাহর কোন না কোন হিকমত কার্যকর থাকে। এর কিছুদিন পর আরেকটি পরীক্ষা আসল সেটা ছিল সুয়েজ খালকে ঘিরে। ইখওয়ানরা সেখানে জিহাদ করল এবং একমাত্র ইখওয়ানরাই ইংরেজদের সাথে দৃঢ়পদ থেকে যুদ্ধ করেছিল। কিন্তু তাতেও ইখওয়ানরা সুযোগের সৎ ব্যবহার করতে পারেনি। অতঃপর আবদুন নাসেরকে সৈন্যদের বিন্যাসের দায়িত্ব দেয়া হল। সে তাতে যথাযথ দায়িত্ব পালন করতে সক্ষম হল না এবং এর জন্য তার বিরুদ্ধে কোন ব্যবস্থাও নেয়া হয়নি। সে সৈন্যদের মাঝে অভ্যুত্থানের জন্য প্রস্তুতি গ্রহণ শুরু করে এবং ইখওয়ানদের সাথে কুরআন শরীফ ধরে ওয়াদা করে যে, সে ক্ষমতায় আসলে কুরআন-সুন্নাহর বিধান বাস্তবায়ন করবে। একই সময় সে মার্কিন দূতের সাথে চুক্তিবদ্ধ হয় যে, সে ক্ষমতায় আসার পর ইখওয়ানকে দমন করবে, আল আযহারকে নিশ্চিহ্ন করবে ও ইসরাঈলের নিরাপত্তার গ্যারান্টি দিবে। অতঃপর সে অভ্যুত্থান ঘটিয়ে ক্ষমতায় আসে।

অভ্যুত্থানের জন্য ইখওয়ানুল মুসলিমীন তার দশ হাজার সশস্ত্র কর্মীকে মাঠে নামিয়েছিল এবং আবদুন নাসেরের পক্ষে রাজনৈতিক প্রচারণা চালিয়েছিল।

তারা তার ক্ষমতার খুঁটিকে গেড়ে দিল। কিন্তু যখন আবদুন নাসের তার ক্ষমতার মসনদে ভাল ভাবে গেড়ে বসতে সক্ষম হল, তখন তার সাঙ্গ-পাঙ্গদের নিয়ে ইখওয়ানকে যবাই করা শুরু করল। নেতৃত্ব যাদের হাতে থাকে, তাদের পরিশুদ্ধ ও বিশেষ গুণের অধিকারী হতে হয়। কারণ, তুমি তাদের হাতে মানুষের রক্ত, সম্মান ও সম্পদ তুলে দিচ্ছ। তাই এখানেও আমরা সফলকাম হলাম না। অভ্যুত্থান ইখওয়ানরাই ঘটিয়েছিল। অর্থাৎ, অভুত্থ্যানের নায়কদের পক্ষে প্রচারণা ও তাদেরকে জনপ্রিয় ইখওয়ানরাই করেছিল।

ফারুক তার জীবনীতে লিখেছে যে, ইখওয়ানুল মুসলিমীনরাই তার সিংহাসন উল্টিয়ে দিয়েছে। ঐ সময় বিদ্রোহের নেতারা তাদের হাতের পুতুল বৈ কিছু ছিল না। আমি যদি জাহাযের ক্যাপ্টেনকে নিষেধ না করতাম, তাহলে ইখওয়ানুল মুসলিমীন জাহাযকে সাগরের মাঝে নিয়ে আমাকে ফেলে দিত।

ইসলামী আন্দোলনকে দমন করা হল এবং পুরো মুসলিম বিশ্বে বরং গোটা বিশ্বে এ খবর ছড়িয়ে পড়ল। দমন, নির্যাতন ও হত্যার পর ইসলামী আন্দোলন আর উঠে দাঁড়াতে পারল না। কারণ, তার হৃদপিন্ড ও মূল দেহ মিসরে ছিল। আর তার কিছু কোণা জর্দান ও সিরিয়া ইত্যাদিতে আন্দোলিত হচ্ছিল। কিন্তু যতক্ষণ হৃদপিন্ড যিন্দা না থাকে ও দেহ শক্তিশালী না হয়, ততক্ষণ প্রত্যঙ্গের নড়াচড়া কোন কাজ হয় না। গোটা দেহ আন্দোলিত না হলে একটি দুটি আঙ্গুলের আন্দোলনে কী হবে?

সিরিয়াতে ইখওয়ানরা তাগুতের বিরুদ্ধে একাই লড়েছে। জনগণ তাদেরকে যথাযথ সমর্থন দেয়নি। সিরিয়ায় ইসলামী আন্দোলনের সন্তানদের ত্যাগ নজিরবিহীন, তাদের বীরত্ব ছিল অনন্য।

আফগান রণাঙ্গণ

অতঃপর আফগানিস্তানের পরীক্ষা শুরু হয়। আফগানিস্তানে ইসলামী আন্দোলনের এ পরীক্ষা এখনও পর্যন্ত ইসলামী আন্দোলনের জগতে অনন্য। এখানে রাজনৈতিক নেতৃত্বই প্রথমে গুলি ছুড়েছেন, তারাই সিদ্ধান্ত গ্রহণ করেছেন। এরা রব্বানী, সাইয়াফ, হেকমতিয়ার। হেকমতিয়ারই কাবুলে ইসলামী আন্দোলনের সামরিক শাখার যিম্মাদার ছিলেন। আন্দোলনের প্রধান যিম্মাদার ছিলেন রব্বানী। সংগঠনের নাম ছিল আলজমইয়াতুল ইসলামিয়া। সাইয়াফ ছিলেন রব্বানীর সহকারী। অতঃপর সামরিক শাখার প্রধান হন ইঞ্জিনিয়ার হাবীবুর রহমান। তিনি সংগঠনের সাধারণ সম্পাদকও। তিনি

সামরিক অভ্যুত্থানের জন্য সেনা কর্মকর্তাদের সাথে যোগাযোগ করা শুরু করেন। আলহামদুলিল্লাহ সামরিক অভ্যুত্থান ব্যর্থ হয়েছে। মিশরে আব্দুন নাসের নিয়ে ইখওয়ানের অভিজ্ঞতার পুনরাবৃত্তি ঘটেনি। ইঞ্জিনিয়ার হাবীবুর রহমান সেনা কর্মকর্তাদের সাথে যোগাযোগ করলেন। কিন্তু আল্লাহর সিদ্ধান্ত ও হিকমতের কারণে এ ঘটনা ফাঁস হয়ে যায়। ফলে ইঞ্জিনিয়ার হাবীবুর রহমানকে গ্রেফতার করে কারাগারে নিক্ষেপ করা হয়। অতঃপর তাকে মৃত্যুদন্ড দেয়া হয়। আহমাদ শাহ্ মাসউদই ইঞ্জিনিয়ার হাবীবুর রহমানের নিকট সেনা কর্মকর্তাদের উপস্থিত করতেন। কারণ, পাঞ্জশীরের অনেক লোকই সেনা কর্মকর্তা ছিল। কারাগার থেকে ইঞ্জিনিয়ার হাবীবুর রহমান তার কাছে পত্র দিয়ে জানিয়েছিলেন, হেকমতিয়ারের সাথে সেনাকর্মকর্তাদের সাক্ষাৎ করিয়ে দিতে। হেকমতিয়ার সেনাকর্মকর্তাদের সাথে যোগাযোগ করলেন। পরে তা ফাঁস হয়ে যায়। ফলে অভ্যুত্থান হতে পারেনি। পরে সরকার হেকমতিয়ারের পেছনে একজন সেনাকর্মকর্তা নিয়োগ করে। ফলে তারা যখনই অভ্যুত্থান ঘটাতে চেয়েছেন তখনই ব্যর্থ হয়েছেন। কারণ, সরকার অভ্যুত্থানের জন্যে নির্ধারিত ব্রিগেডকে অভ্যুত্থান সময়ের একদিন পূর্বে কাবুল থেকে অন্যত্র স্থানান্তর করত। এভাবে হেকমতিয়ারের তিনটি অভ্যুত্থান পরিকল্পনা ভেস্তে যায়। পরে হেকমতিয়ার ও রব্বানী পেশোয়ারে চলে আসেন। পেশোয়ারে এসে হেকমতিয়ার সামরিক অপারেশন অব্যাহত রাখার উপর জোর দেন এবং আফগানিস্তানে কয়েকটি গ্রুপ পাঠান। ঐ গ্রুপে মওলবী হাবীবুর রহমান ড. মুহাম্মদ উমর ও আহমদ শাহ্ মাসউদ ছিলেন। ড. উমরকে পাঠানো হত বাদখশানে এবং আহমদ শাহ্ মাসউদকে পাঠানো হত পাঞ্জশীরে। আহমদ শাহ্ মাসউদই দাউদ সরকারের ট্যাংক পুড়িয়েছিলেন। ফলে ইসলামী আন্দোলনের সকল সন্তানদের ধরে কারাগারে নিক্ষেপ করা হয়। কিন্তু তাদের এ প্রচেষ্টাগুলো আন্তরিক ও নিষ্ঠাপূর্ণ ছিল। তবে সে সময়ে এ প্রচেষ্টা পূর্ণ অভিজ্ঞতা ও পরিপক্কতার আলোকে ছিল না। এতে যারা বেঁচে যায়, তারা বেঁচে যায় আর যারা ধরা পড়ে তারা কারাগারে নিক্ষিপ্ত হয়। আন্দোলনের নেতাদের হত্যা অব্যাহত থাকে। তবে তা প্রকাশ্যে নয়; কৌশলে, লুকিয়ে। অতঃপর দাউদের অভ্যুথান ঘটল। দাউদের অভ্যুত্থানের পর গোলাম মুহাম্মদ নিয়াযী ও সাইয়াফকে কারারুদ্ধ করা হয়। গোলাম মুহাম্মদ আন্দোলনের আধ্যাত্মিক পিতা ও প্রতিষ্ঠাতা হিসেবে বিবেচিত হতেন। সাইয়াফ রব্বানীর সহকারী ছিলেন। হেকমতিয়ার ও রব্বানী রক্ষা পেয়ে পেশোয়ারে চলে আসেন। আন্দোলনের অর্ধেক বা অধিকাংশ নেতৃবৃন্দ কারাগারে নিক্ষিপ্ত হলেন। রব্বানী ও হেকমতিয়ার পেশোয়ারে বসে কতিপয় যুবকদের

নিয়ে চিন্তা ভাবনা করতে লাগলেন। অতঃপর যখন তারাকীর অভ্যুত্থান ঘটল, তখন আলেমরা ফতোয়া দিলেন যে, সে কাফির তার বিরুদ্ধে জিহাদ ফরয। তখন লোকজন বিদ্রোহ শুরু করে। গ্রামের আলিমরা জিহাদ শুরু করেন এবং সাধারণ লোকেরা তাদের পক্ষে অস্ত্রধারণ করে। অতঃপর তারা হয়তো হেকমতিয়ারের আলহিযবুল ইসলামীয়ে যোগ দিত নতুবা রব্বানীর আলজম্ইয়াতুল ইসলামিয়ায় যোগ দিত। এ দু'দলই জিহাদের ময়দানে মূল স্তম্ভ বলে বিবেচিত হতে থাকে। এর পর যে দলগুলো জন্ম লাভ করেছে, তার কোন একটাই এ দু'দলের সাথে পাল্লা দিয়ে চলতে পারেনি। বছরের পর বছর জিহাদ উন্নতি অর্জন করতে থাকে। তিন বছর পূর্বে ১৯৮৪-১৯৮৫ এ এক বছর কিছুটা শূণ্যতার সৃষ্টি হয়। অতঃপর জিহাদ তার পূণ্যময় যাত্রা অব্যাহত রাখে। এরপর যখন জিহাদ মুসলিম উম্মাহকে নাড়া দেয়া শুরু করে, পৃথিবীর প্রত্যেক মুসলমানের জন্য তা একটি জীবন্ত দৃষ্টান্তে পরিণত হয় এবং মুসলমানরা তা দ্বারা প্রভাবিত হওয়া ও তার দিকে দলে দলে আগমণ করা শুরু করে, সৌদিআরব, কুয়েত ও আরব আমিরাত থেকে ব্যবসায়ীরা মুজাহিদ নেতাদের হাতে স্বহস্তে অর্থ প্রদান করতে আগমণ করে, তখন পশ্চিমারা তাদের হিসাব পর্যালোচনা শুরু করে।

জিহাদ নিয়ে আমেরিকার রাজনীতি

এক ইয়াহুদী তাদের নেতাদের নিয়ে **What We have Done?** 'আমরা কী করেছি?' শিরোনামে একটি রিপোর্ট পেশ করে। তাতে সে উল্লেখ করে যে, আমরা আমাদের শত্রুদের জাগ্রত করেছি। আমেরিকাসহ পশ্চিমারা চেয়েছিল রাশিয়া ও আফগানদেরকে যুদ্ধের আগুনে নিক্ষেপ করতে। তারা চেয়েছিল তাদের প্রকৃত শত্রু আফগানিস্তান ও গতানুগতিক শত্রু রাশিয়ার ক্ষতি হোক। তারা আফগানিস্তান সমস্যার মাধ্যমে রাশিয়াকে চাপিয়ে রাখতে চায়। তারা চায়, সবকিছুর সূত্র তাদের হাতেই থাকুক। আফগানিস্তান নিয়ে তাদের পরিকল্পনা ছিল তিনটি। প্রথম পরিকল্পনা হচ্ছে, জিহাদ শুধু রাশিয়াকে ক্লান্ত করে রাখার উপর সীমাবদ্ধ থাকুক। দ্বিতীয় পরিকল্পনা হচ্ছে, সব কিছুর সূত্র আমেরিকার হাতেই থাকুক। তৃতীয় পরিকল্পনা হচ্ছে, মুজাহিদরা তাদের জিহাদের ফলাফলে না পৌঁছুক। কিন্তু সূতা তাদের হাত থেকে ছুটে যায়। তবে এর অনেক কারণ রয়েছে। তন্মধ্যে মুসলমানদের জাগরণ, মুসলিম বিশ্ব থেকে আগত অর্থ ও জিয়াউল হকের উপস্থিত অন্যতম। জিয়াউল হক সে মযলূম ব্যক্তি, যার মত

লোক এ যুগের রাজনৈতিক অঙ্গনে আর আত্মপ্রকাশ করেনি। জিয়াউল হক আমেরিকার হাত থেকে ছুটে গেছেন। আমরা পাকিস্তানের মুসলমানদেরকে বলেছিলাম, আপনারা এ ব্যক্তির পাশে দাঁড়ান। আপনারা আর কী চান? তিনি তো পৃথিবীর মুসলমানদের সবচেয়ে বড় সমস্যা ও বিপদের পাশে তার সব কিছু নিয়ে দাঁড়িয়েছেন। আফগানিস্তানে যখন ইসলামের বিজয় অর্জন হবে, তখন তা হবে আপনাদেরই বিজয় অর্জন। আর যদি আফগানিস্তানে ইসলামের পরাজয় ঘটে, তাহলে আপনারা পাকিস্তানীরাই পরবর্তী টার্গেট হবেন। আফগানিস্তানের জিহাদের কারণেই কম্যুনিস্টরা পাকিস্তানে চুপ হয়ে বসে আছে। অতএব, আল্লাহ্ না করুন যদি মুজাহিদরা পরাজয় বরণ করে তাহলে কম্যুনিস্ট নেতারা আপনাদের লোক দিয়ে আপনাদের মাঝে নিশ্চিত বিপ্লব ঘটাবে। অতঃপর পাকিস্তানের মুসলমানরাই তাদের যবাইর শিকার হবে।

কিন্তু পাকিস্তানের মুসলমানরা জিয়াউল হকের মাধ্যমে উপকৃত হতে পারেনি। আক্ষেপের বিষয় তারা পাশ্চাত্যের প্রচার মাধ্যমের প্রচারণা ও জনপ্রিয়তা কামনা করে। অর্থাৎ, দূর থেকে তারা এ অপবাদের ভয় করছে যে, তারা জিয়াউল হকের দালালি করছে।

জিয়াউল হক তার শাহাদতের কয়েক মাস পূর্বেই তাকে হত্যার ষড়যন্ত্র টের পেয়েছিলেন। তিনি তার একজন কাছের বন্ধুকে বলেছিলেন যে, মার্কিনীদের পক্ষ থেকে আমাকে হত্যার সিদ্ধান্তে স্বাক্ষর করা হয়ে গেছে। জিয়াউল হকের মুখ থেকে সরাসরি শোনা একজন রাজনীতিকের নিকট আমি নিজেই শোনেছি যে, তিনি বলেছেন, আমাকে হত্যার সিদ্ধান্ত হয়ে গেছে। হয়তো এ কারণেই জিয়াউল হক তার প্রতিটি সফরে মার্কন রাষ্ট্রদূতকে তার সাথে রাখতেন, যাতে মরলে সেসহ মরেন। এ দ্বারা যেন তিনি মার্কিনীদের বলেছেন, তোমরা কি তোমাদের লোককেও বলি দিতে চাও! আমি তো মরবই, সাথে সাথে তোমাদের একজনও আমার সাথে মরুক।

বাস্তবে আফগান জনগণ উদার ও বিশ্বাসভাজন। আমি উত্তর আফগানিস্তানে গিয়েছিলাম। দেখলাম জনসাধারণ আমাদেরকে অভ্যর্থনা জানানোর জন্য ঘর থেকে বের হয়ে এসেছে। লোকজন ও শিশুরা জমিয়ত ইসলামীর প্রধান অধ্যাপক রব্বানীকে অভ্যার্থনা জানাতে এসেছে তার ছবি হাতে নিয়ে। রব্বানীর ছবির পাশে শোভা পাচ্ছে জিয়াউল হকের ছবি। বাস্তবেই আফগানরা তাকে আফগান জিহাদের শহীদ বলে গণ্য করে। আর জিয়াউল হক নিহত হয়েছেন একমাত্র আফগান জিহাদের কারণে। এখন হয়তো আমেরিকা জুনেজুর মত

একজন দুর্বল রাজনীতিক অথবা শুকরের ন্যায় একজন পুতুল ও নষ্টা মহিলাকে ক্ষমতায় বসিয়ে আফগান জিহাদের উপর আবারো তার থাবা বিস্তার করতে সক্ষম হবে। ঐ মহিলার নাম বে নজীর। অর্থাৎ, লজ্জাহীনতায় যার কোন সদৃশ্য নেই। 'বে' অর্থ হচ্ছে 'না'।

গৌরবময় ভূমিকা

জেনেভা চুক্তির পর আফগান জিহাদ এখন কোন্ পর্যায়ে গিয়ে পৌঁছেছে? জেনেভা চুক্তির পর আমরা ভয় করেছিলাম যে, আফগান জিহাদকে গলাটিপে হত্যা করা হবে। বাস্তবেই এ পাকিস্তানী রাজনীতিকরা খুবই নির্বোধ। মার্কিনীরা যখনই তাদের দিকে তাকিয়ে বলে যে, আফগান সমস্যার সমাধান আমাদের চাহিদা মতেই হবে, তখন তারাও বলে, আফগান সমস্যার সমাধান জেনেভা চুক্তির ধারা মতেই হবে। জুনেজু বলেছে, আমি জানি জিয়াউল হক এ চুক্তি গ্রহণ করবে না। অবশ্যই, তিনি যে গাছ রোপনে অংশগ্রহণ করেছেন, সে গাছের ফল নিয়ে অন্যরা কাড়াকাড়ি করবে তা হতে পারে না। জিয়াউল হকের সবচেয়ে সফল কাজ হচ্ছে যে, তিনি তাঁর সামরিক সহকর্মীদের নিয়ে আফগান জিহাদের পাশে গৌরবময় ভূমিকা পালন করেছেন। এটা যদি তার ইতাহাস থেকে বাদ দেয়া হয়, তাহলে তার আর উল্লেখযোগ্য কোন কাজই পাওয়া যাবে না। তিনি পাকিস্তানে বেলুচী, সিন্দী, পশতুন ও পাঞ্জাবীদের শান্ত রাখতে কিছু প্রচেষ্টা চালিয়েছেন। তবে এসব সাগরে লাঙ্গল চালানো ও আকাশে চাষ করার মত। হ্যাঁ! আল্লাহ্ সুব্হানাহু ওয়াতাআলা তাকে সর্বশ্রেষ্ঠ যে কাজের তাওফীক দিয়েছেন, তা হচ্ছে আফগান মুজাহিদদের পাশে সফল অবস্থান গ্রহণ।

তার নিয়ত সম্পর্কে আল্লাহই ভাল জানেন। তবে যেটা আমাদের কাছে স্পষ্ট, তা হচ্ছে তিনি নিষ্ঠাবান ও সত্যবাদী ছিলেন। তিনি ইসলামী জিহাদের ব্যাপারে সত্যিকারের মুসলমানের ভূমিকা পালন করেছেন। জিহাদের পাশে অবস্থান গ্রহণ করে তিনি অনেক লাভবান হয়েছেন। আমি বিভিন্ন সেমিনার ও সমাবেশে তার বক্তব্য কয়েকবার শুনেছি। তার কথা শোনার সময় তোমার মনে হবে যে, তিনি কোন রাষ্ট্রের প্রেসিডেন্ট নয়, তিনি একজন মিম্বরের খতীব ও একজন দাঈ। তাঁর এ বক্তব্য লিখিত কোন বক্তব্য ছিল না, অন্তর থেকে বলতেন। তাই টেলিভিশনে প্রচারিত তার অনেক বক্তব্য এমন ছিল যে, বড় বড় দাঈরা তাদের সঙ্কীর্ণ ও চাপপূর্ণ পরিবেশে থেকে ঐ ধরণের বক্তব্য দিতে সক্ষম হবেন না। জিয়াউল হক জুনেজুর সরকারের পতন ঘটিয়ে দ্বিতীয় বার ক্ষমতা গ্রহণের

কয়েকদিন পূর্বে করাচীতে একটি ইসলামী সম্মেলনে আমন্ত্রিত হয়েছিলেন। সেখানে কথিত একজন ইসলামী দাঈ বক্তব্য রাখতে গিয়ে গর্বাচেভের প্রশংসা করল এবং বলল, আমাদের উচিত গর্বাচেভের শুকরিয়া আদায় করা। কারণ, তিনি শান্তিপ্রিয় লোক বলেই আফগানিস্তান থেকে সৈন্যদের ফিরিয়ে নেয়ার দৃঢ় সিদ্ধান্ত গ্রহণ করেছেন। তার বক্তব্যের পর জিয়াউল হক দাঁড়িয়ে বললেন, 'কেন আমরা গর্ভচেভের শুকরিয়া আদায় করবো? সে তো একজন ডাকাত, যে ঘরে ঢুকে ঘরের আসবাবপত্র জ্বালিয়ে দিয়ে ও ঘরের মালিককে হত্যা করে বের হয়ে গেছে। এ রকম ডাকাত কি শুকরিয়া পাওয়ার যোগ্য নাকি লা'নত পাওয়ার যোগ্য?' এটা কি কোন দেশের প্রেসিডেন্টের কথা? না, এটা কোন দেশের প্রেসিডেন্টের কথা নয়, এটা একজন খতীবের কথা।

বাস্তবে তিনি তার জীবনের শেষের তিন মাস সর্বাধিক স্বচ্ছ ও অকৃত্রিম জীবন যাপন করেছেন। আমাদের আশা আল্লাহ তাঁকে শহীদ হিসেবে কবুল করেছেন। তিনি আফগান জিহাদের কারণেই নিহত হয়েছেন। আর তাঁকে হত্যা করেছে আমেরিকানরাই, রাশিয়া বা ভারত নয়। রাজনৈতিক রিপোর্টগুলোর শতকরা পঁচানব্বই ভাগেরও অধিক রিপোর্ট সাক্ষ্য দেয় যে, আমেরিকানরাই তাকে বহনকারী বিমানটি ধ্বংস করেছে। বিমানটি উড়ে যাওয়ার সাথে সাথেই চূর্ণ বিচূর্ণ হয়ে যায়। কে জানে এটা কাদের মাধ্যমে করানো হয়েছে। শিয়া, ইসমাঈলিয়া গ্রুপ, বাহাঈ গ্রুপ নাকি কাদিয়ানীদের মাধ্যমে করানো হয়েছে- তা আমরা এখনো পর্যন্ত জানতে পারিনি। তবে এটা নিশ্চিত যে বিমানটি ধ্বংস করা হয়েছে সিআইএর ইঙ্গিতেই। তবে তাদের লোককে বলি দেয়ার কারণ হল, জিয়াউল হক মার্কিন রাষ্ট্রদূতকে সব সময় কাছে রাখতেন। যে মার্কিন রাষ্ট্রদূত তাঁর সাথে নিহত হয়েছে, তার নাম রাফহিল। সে নামে খৃস্টান হলেও বাস্তবে ইয়াহুদী। সে তুরস্ক, ইরান ও অতঃপর পাকিস্তানে দায়িত্ব পালন করে। জিয়াউল হককে হত্যা করার জন্য তার মত লোককে বলি বানানো মার্কিনীদের জন্য কোন ব্যাপার নয়।

জেনেভা চুক্তির পর আফগান জিহাদ এখন কোন পর্যায়ে এসে পৌঁছেছে? জেনেভা চুক্তির পর জুনেজু চেয়েছিল তা বাস্তবায়ন করতে। কিন্তু জিয়াউল তা ভুলে যেতে চেয়েছেন। ফলে সে বলল, আমি জাতিসংঘ, রাশিয়া ও আমেরিকার কাছে রিপোর্ট দেব যে, তুমি জেনেভা চুক্তির ধারাগুলো প্রয়োগ করতে চাও না। জিয়াউল হক বললেন, আমি আজীবন লাঞ্ছিত হয়ে বেঁচে থাকতে চাই না। আমরা ভয় করেছিলাম পাকিস্তান সীমান্ত বন্ধ হয়ে যাবে। কিন্তু আলহামদুলিল্লাহ বন্ধ হয়নি।

কণ্টকাকীর্ণ পথ

সত্যের পথের অনুসারী যেখানেই আছে, সেখানে সত্যের বিজয় অবশ্যম্ভাবী। তবে তা কষ্ট, পরীক্ষা, দুর্যোগ, শহীদের রক্ত প্রবাহ ও লাশ ক্ষত-বিক্ষত হওয়ার পর। এটা আল্লাহর চিরন্তন রীতি। এ রীতি ও নীতির কোন পরিবর্তন নেই। এটা সর্বদা স্থির, এদিক-সেদিক হবার নয়।

কণ্টকাকীর্ণ পথ

সত্যের পথের দাওয়াতের সূচনা হয় কষ্ট, বিপদ ও পরীক্ষার মধ্যে দিয়ে। এতে করে সত্যের পথের যাত্রীদের কাতার পরিচ্ছন্ন হয়, অন্তর পরিশুদ্ধ হয়। কষ্ট ও বিপদের সুকঠিন পরীক্ষায় যারা দুর্বল তারা ঝরে যায় ও যাদের ঈমান ও বিশ্বাস মজবুত তারা দৃঢ়পদ থাকে। আর যারা দৃঢ়পদ থাকে, তাদের মাধ্যমেই আল্লাহ তাঁর দীনকে সাহায্য করেন এবং তাদেরকে দান করেন পৃথিবীর কর্তৃত্ব। শুনুন আল্লাহর অঙ্গীকারের কথা-

وَعَدَ اللَّهُ الَّذِينَ آمَنُوا مِنكُمْ وَعَمِلُوا الصَّالِحَاتِ لَيَسْتَخْلِفَنَّهُم فِي الْأَرْضِ كَمَا اسْتَخْلَفَ الَّذِينَ مِنْ قَبْلِهِمْ وَلَيُمَكِّنَنَّ لَهُمْ دِينَهُمُ الَّذِي ارْتَضَى لَهُمْ وَلَيُبَدِّلَنَّهُمْ مِنْ بَعْدِ خَوْفِهِمْ أَمْنًا يَعْبُدُونَنِي لَا يُشْرِكُونَ بِي شَيْئًا وَمَنْ كَفَرَ بَعْدَ ذَلِكَ فَأُولَئِكَ هُمُ الْفَاسِقُونَ (٥٥)

"তোমাদের যারা ঈমান এনেছে ও ভাল কাজ করেছে, তাদেরকে আল্লাহ্ সুব্হানাহু ওয়াতাআলা ওয়াদা দিচ্ছে যে, তিনি তাদেরকে অবশ্যই পৃথিবীতে কর্তৃত্ব দান করবেন, যেমন কর্তৃত্ব দান করেছিলেন তিনি তাদের পূর্ববর্তীদেরকে এবং তিনি প্রতিষ্ঠিত করবেন তাদের দীনকে, যা তিনি তাদের জন্য পছন্দ

করেছেন। আর তাদের ভীতিকে নিরাপত্তা ও প্রশান্তিতে পরিবর্তন করে দিবেন। তারা আমারই ইবাদত করবে এবং আমার সাথে অন্য কোন কিছুকে (কোন দিক দিয়ে) শরীক করবে না।"[নূর ঃ ৫৫]।

সত্যের অনুসারীদের এ যাত্রা গৌরবের যাত্রা, এ যাত্রা মুসলিম উম্মাহর যাত্রা, যার সংগ্রামের সূচনাভূমি আফগানিস্তান, যার মধ্যে রেনেসাঁ ফিরে এসেছে আফগানিস্তানকে কেন্দ্র করে। এ সংগ্রামের পদ্ধতি ও কৌশল সত্যের সন্ধানী সকলের জন্য অদ্বিতীয় ও অতুলনীয় আদর্শ। পূণ্যময় এ সংগ্রামের প্রাথমিক পদক্ষেপ ও অবস্থা যারা দেখেছেন, তারা জানেন কী কঠিন পরিস্থিতি মোকাবেলা করে এ পথের বীর সেনানীরা সামনে এগিয়ে চলেছেন। অধ্যাপক বুরহানুদ্দীন রব্বানী জানেন, যখন তারা পেশোয়ারে অবস্থান করছিলেন এবং ছাদবিহীন একটি কক্ষে কিছু যুবকদের নিয়ে থাকতেন। প্রতিদিন দুপুরের দিকে তিনি এসে কিছু আছে কি না জিজ্ঞেস করলে অধিকাংশ সময় না সূচক উত্তরই দিতে হত। ফলে সারাদিন সকলেই অনাহারে কাটাতেন। অধ্যাপক রব্বানী এবং প্রথম দিকের পরিস্থিতি প্রত্যক্ষকারী সকলেই জানেন কী যন্ত্রণাময় ছিল এ সংগ্রামের সূচনাকারীদের জীবন। তারা যখন তাদের সমস্যার কথা তুলে ধরতে সৌদিআরব যেতেন, তখন তাদের হোটেল ভাড়া দেয়ার সামর্থ ছিল না। বিশ্ববিদ্যালয়ের হোস্টেলে কোন ছাত্রের খাটেই তারা রাত কাটাতেন।

অধ্যাপক রব্বানীই জানেন, যখন তারা দাউদের সৈন্যদের বড় কোন ক্যাম্পে হামলা চালানোর জন্য একটি বা দু'টি বোমা দিয়ে ড. মুহাম্মদ উমরকে বাদাখসান, মৌলভী হাবীবুর রহমানকে লাগমান ও আহমাদ শাহ্ মাসউদকে পাঞ্জাশীরের দিকে পাঠাতেন, তখন তারা তাদের ক্যাম্পগুলো পাহারা দেয়ার জন্য বন্দুক না পেয়ে লাঠি ও পাথর দিয়েই পাহারা দিতেন। তাদের ধৈর্য্য জিহাদের দীর্ঘ এ পথে প্রদীপের কাজ দিয়েছে। এখন সে অবস্থা আর নেই।

আল্লাহ্ সুব্হানাহু ওয়াতাআলা তাদের বিজয় দান করেছেন এবং পৃথিবী তাদের সম্মান করছে। সেদিন তারা বলেছিলেন, আমরা এখানেই থাকব, আমরা মুসলমান এবং আমাদের মাথা রাব্বুল আলামীন ব্যতীত কারো সামনে নত করব না। তারা তাদের মাথা তুলে দাঁড়িয়েছিলেন। ফলে তাদের সাথে বিশ্বের আরো লক্ষ কোটি মুসলমানও মাথা তুলে দাড়িয়েছিল। তারা দৃঢ়পদে দাঁড়িয়েছিলেন। ফলে বিভিন্ন জায়গার মানুষের মাঝে এ চেতনা ছড়িয়ে পড়ে। ধীরে ধীরে তারা এ পবিত্র জিহাদের ব্যাপারে জানতে আগ্রহী হয়ে উঠে। **'আল জিহাদ'** ও **'আলবুনয়ানুল মারছুছ'** সাময়িকী কবে বের হয়ে তাদের কাছে পৌছবে সে

অপেক্ষায় থাকে। কোন মুজাহিদের ক্যাসেট, ফিল্ম কিংবা আফগানিস্তান থেকে আসা কোন মানুষের খবর পেলে তারা দৌড়ে আসে। মুসলিম বিশ্ব তাঁদের পাশে এসে জড়ো হচ্ছে বরং কাফির মুসলিম সবাই তাদের খেদমত করতে চাচ্ছে। কিছুদিন পূর্বেও পৃথিবীর কোথাও কোন সরকার তাদেরকে বিমান বন্দর, গেষ্ট হাউস কিংবা তাদের দফতরে আলোচনার জন্য স্বাগত জানায়নি। এখন পৃথিবীর সকল শক্তি তাঁদেরকে দেখার জন্য ও তাদের কথা শোনার জন্য আগ্রহী হয়ে উঠেছে। মার্কিন প্রেসিডেন্ট রিগ্যান তাদের সাথে বৈঠক করার জন্য বহুবার চেষ্টা করেছে। কিন্তু তারা কথিত এ বিশ্ব নেতার সাথে বৈঠক বসতে অস্বীকৃতি জানিয়েছেন। তাদের সাথে সাংবাদিকদের সাক্ষাতের পর স্থানীয় পত্রিকাসমূহ লিখেছে 'এরাই পৃথিবীর সর্বপ্রথম প্রতিনিধি দল, যারা রিগ্যানের প্রস্তাব নাকচ করে দিয়েছেন'।

আল্লাহ তাদেরকে এখন বিজয় ও সাফল্য দান করেছেন। চূড়ান্ত সফলতা তাদের পদচুম্বন করতে অতি নিকটবর্তী। বিজয়ের ফল পরিপক্ক হয়ে তাদের নাগালে এসে পৌছেছে। আর গোটা পৃথিবী এ সুফল ভোগ করতে লোভাতুর হয়ে আছে। যদিও এর প্রকৃত মালিক মুজাহিদ ও তাদের সাহায্যকারীগণ এখনো এ ফল উপভোগ করতে পারেননি। মুসলিম উম্মাহর সকল সদস্য তাদের পাশে রয়েছে। কিন্তু মুসলিম দেশের শাসকরা কথিত (মার্কিন) বিশ্ব নেতার ভয়ে এ ব্যাপারে ভীত ও আতঙ্কিত এবং উম্মাহর স্বার্থ বিরোধী ভূমিকায় লিপ্ত।

তবে যে আল্লাহ দূর্বল থাকাবস্থায় আমাদের সাহায্য করেছেন, তিনি (যদি চান) আমাদেরকে শক্তিশালী হওয়ার পরও সাহায্য করবেন। আমাদের প্রভু আকাশ ও পৃথিবীরও প্রভু।

وَمَا كَانَ اللّٰهُ لِيُعْجِزَهُ مِنْ شَيْءٍ فِي السَّمٰوٰتِ وَلَا فِي الْأَرْضِ إِنَّهُ كَانَ عَلِيمًا قَدِيرًا.

"আকাশ সমূহ ও পৃথিবীর কোন বস্তুই আল্লাহকে দুর্বল করার নয়। নিঃসন্দেহে তিনি সর্বজ্ঞাত ও সর্ব বিষয়ে ক্ষমতাবান।"[আল ফাতির ঃ ৪৪]।

ইসলামের শত্রুরা এ জিহাদের ভয়াবহতা উপলব্ধি করেছে তখন, যখন তারা এ জিহাদকে এমন একটি বিদ্যালয় রূপে দেখতে পেল, যাতে ছাত্র হয়ে প্রবেশ করছে মুসলিম বিশ্ব। তারা এ জিহাদকে দেখতে গেল এমন একটি চূড়া ও আলোক স্তম্ভ বা লাইট হাউস রূপে, যা দেখে পথ চলছে মুসলিম উম্মাহর সকল সন্তানেরা। তারা দেখতে পেল একটি সম্প্রদায়ের লড়াই থেকে আফগানিস্তানের এ জিহাদ বিশ্ব জিহাদে রুপান্তরিত হচ্ছে আর এ জিহাদের প্রতিক্রিয়া গিয়ে

প্রতিফলিত হচ্ছে পৃথিবীর নির্যাতিত জনগণের উপর। যার ফলে আর্মেনিয়া, আজারবাইজান, পোল্যাণ্ড ও পবিত্র ভূমি ফিলিস্তিনে গণজাগরণ ও আন্দোলন শুরু হয়েছে। সুতরাং-

خَيْبَرْ خَيْبَرْ يَا يَهُوْدُ + دِيْنُ مُحَمَّدْ سَوْفَ يَعُوْدُ

'ইয়াহুদীরা! খাইবার থেকে বিতাড়িত হওয়ার কথা স্মরণ কর। মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দীন পৃথিবীতে পুনরায় বিজয়ের পতাকা উড়াবে'।

জিহাদের প্রতি বিদ্বেষ ছড়ানো

হ্যাঁ! এ জিহাদের ব্যাপারে বিশ্বব্যাপী একটি আতংকও সৃষ্টি হয়েছে। তাই তারা ইসলামের সন্তানদের অন্তরে গ্রথিত জিহাদের এ পবিত্র শপথকে বিনাশ করার জন্য বিভিন্ন পন্থা অবলম্বন করেছে। ষ্টিংগার ক্ষেপণাস্ত্রের বিষয়টি গোটা বিশ্বের সাংবাদিকদের গল্পগুজবের বস্তু হয়ে দাঁড়িয়েছে। অবস্থা এমন পর্যায়ে এসে দাঁড়িয়েছে যে, এ পবিত্র জিহাদ সিআইএ কর্তৃক পরিচালিত একটি মার্কিন খেলায় পরিণত হয়েছে। মুজাহিদদেরকে কলঙ্কিত করতে তারা বিভিন্ন নেতিবাচক ছবি তুলে মুজাহিদদের নামে প্রচার করছে। এ উদ্দেশ্যে তারা একটি ছবি তৈরি করেছে এভাবে যে, জনৈক আবদুল কাদীর নামের কান্দাহারের একজন ডাকাত মাদক সেবন করছে। এরপর সে একটি ক্যাম্পে হামলা করছে।

ওরা আফগানিস্তানের জিহাদকে কতিপয় মাদকসেবী আবদুল কদীর প্রমুখের ব্যাপারে পরিণত করেছে, যারা মাদক ক্ষেত ধ্বংস ও নিষিদ্ধ করতে আসা কম্যুনিজমের বিরুদ্ধে লড়াই করছে। এদের শিরা উপশিরায় চলাচল করা সুপ্ত জিহাদ বিদ্বেষের ঘৃণ্য প্রকাশ ঘটেছে আই.আর.সির হাসপাতালে। এ হাসপাতালে চিকিৎসা গ্রহণ করতে যাওয়া মহিলাদের শতকরা সাইত্রিশ জনের জরায়ু কেটে ফেলা হয়েছে যাতে তারা আর কখনো সন্তান জন্ম দিতে না পারে।

উম্মাহ্‌র বীর সন্তানদের অন্তরে সৃষ্ট ক্বিতালের ভালবাসার প্রতি খৃস্টবাদীদের সুপ্ত বিদ্বেষ তখন দেখা গেছে, যখন তারা কান্দাহারে আহত মুজাহিদদের সেবা করতে গিয়ে বলল, তোমরা তো বড্ড বোকা। রাশিয়ার বিরুদ্ধে কেন লড়াই করছ? এখন যে তোমার পা কেটে গেছে তার জন্য তো তোমাকে আজীবন বেকার ও পরের বোঝা হয়ে থাকতে হবে!

আন্তর্জাতিক ষড়যন্ত্রের রূপ এখন আমরা দেখতে পাচ্ছি। এ ষড়যন্ত্রকারীরা জার্মান ও জাপানের মত আফগানিস্তানকেও অস্ত্রমুক্ত করতে চায়। জার্মানরা যখন

১৯১৪ সনে প্রথম বিশ্বযুদ্ধে অংশগ্রহণ করল এবং এরপর ২৫ বছরের ব্যবধানে দ্বিতীয় বিশ্বযুদ্ধে অংশগ্রহণ করল, তখন তারা বলল, জার্মানদের অন্তরে সৃষ্ট যুদ্ধের দাবানল নিভিয়ে ফেলার জন্য তাদেরকে খন্ড বিখন্ড করার বিকল্প নেই। তারা জার্মানদেরকে দু'ভাগে ভাগ করে ফেলল। এক ভাগ রাশিয়ার ও আরেক ভাগ আমেরিকার। অতঃপর তারা জার্মানদেরকে অর্থ ও কারিগরী কাজে ডুবিয়ে রাখে এবং অস্ত্র মুক্ত দেশে পরিণত করে। এভাবে তারা সফল হলে আফগানিস্তানকেও অর্থ ও শিল্প কাজে ডুবিয়ে রাখবে। আমি মনে করি ইনশাআল্লাহ তারা সফলকাম হবে না। আল্লাহ তাদের ষড়যন্ত্র তাদের দিকেই ছুঁড়ে মারবেন।

وَاللَّهُ غَالِبٌ عَلَى أَمْرِهِ وَلَكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُونَ (٢١)

"আল্লাহ তার কাজে সফল। কিন্তু মানুষের অধিকাংশই তা জানে না।"[ইউসুফ ঃ ২১]।

আন্তর্জাতিক অর্থ তহবিলের (ওগঋ) নিকট তারা প্রস্তাব রাখছে আফগানিস্তানকে অর্থ, কারিগরী ও চাষাবাদ প্রকল্পে ডুবিয়ে রাখতে এবং অস্ত্র মুক্ত করতে। ফলে আফগানিস্তান প্রতিরক্ষা মন্ত্রণালয়বিহীন দেশে পরিণত হবে। কারণ, তারা বিগত শত বছরে কয়েকবার আফগানদের হাতে মার খেয়েছে। এ যুদ্ধ ইউরোপিয়ানদের বিরুদ্ধে আফগানদের চতুর্থ যুদ্ধ। সকল যুদ্ধে তারা আফগানদের হাতে পরাজিত হয়েছে।

আফগানদের প্রতিরোধ যুদ্ধসমূহ

১৮৪২ খৃস্টাব্দে আফগান মুসলিম জনতা ১৭ হাজারের বৃটিশ বাহিনীকে সম্পূর্ণ রূপে খতম করেছে। কেবল ডা. ব্রাইডান নামের একজনকে না মেরে জীবিত রেখেছিল, যাতে সে মানুষের কাছে তাদের নির্মম পরাজয়ের কথা প্রচার করতে পারে।

১৮৮০ খৃস্টাব্দে চার হাজারের বৃটিশ বাহিনী কাবুলে খতম হওয়ার পর তারা বুখারায় আশ্রয় গ্রহণকারী একজন বন্দী নেতা আবদুর রহমান খানকে আফগানিস্তানের ক্ষমতায় বসায়, যাতে সে বৃটিশদের ক্রীড়নক হিসেবে কাজ করতে পারে। ১৯১৯ সালে যখন আফগান ইসলামী বাহিনী ভারতের সীমানা পার হয়ে 'তিল' পর্যন্ত পৌছে যায় এবং ইংরেজ সরকার তাদের দ্বিতীয়বার দিল্লী পৌছে যাওয়ার আশঙ্কা করল, তখন টিসার্সেল লন্ডন থেকে আফগানিস্তানের

স্বাধীনতা ঘোষণা করে। অতঃপর ধর্মহীন একজন আমানুল্লাহ খানকে আফগানিস্তানের ক্ষমতায় বসায়, যে আফগানিস্তানকে কামাল আতাতুর্কের তুরস্কের পথে নিয়ে যেতে চেয়েছিল।

জোট সরকার কী?

এখন হেলমন্দ, কান্দাহার ও অন্যান্য অঞ্চল যখন শহীদের রক্তস্নাত হয়েছে ও শহীদের লাশ পড়তে পড়তে যখন আফগানিস্তানের মাটি লাশের স্তূপ থেকে লাশের পাহাড় বহন করে চলছে, তখন তারা আবারো জিহাদের পূর্বেকার অবস্থাকে স্বাগতম জানিয়ে আফগানিস্তানে প্রবেশ করতে চাচ্ছে। সেদিন জহির শাহ্ লাঞ্ছিত ও অপদস্ত হয়ে আফগানিস্তান থেকে বের হয়ে গিয়েছিল। জহির শাহ্ এখন ইটালিতে রাষ্ট্রীয় নিরাপত্তায় আছে। তার নিরাপত্তা ব্যবস্থা এখন কাবুলে বাদশাহ্ থাকাকালীন নিরাপত্তা ব্যবস্থার চেয়ে আরো মজবুত করা হয়েছে। জহির শাহ্র নিরাপত্তা সহায়তার জন্য ইটালিতে যেতে চাইলে এখন কাউকে ভিসা দেয়া হয় না। এরা কেন জহির শাহ্ ও তার সগোত্রীয়দের যেমন আবদুল হাকীম তবিবী আফগানিস্তানে ফিরিয়ে আনতে চায়? এ আবদুল হাকীম তবীবি সম্পর্কে দু'জন মুজাহিদ নেতা বলেন 'আমরা সুইজারল্যান্ডে একটি গাড়ীতে করে তার সাথে যাচ্ছিলাম। যখন আমরা খৃস্টানদের একটি কবরস্থান দিয়ে যাচ্ছিলাম, তখন তিনি সেদিকে তাকালেন এবং আমাদেরকে বললেন, দেখ কবরের উপর ফুলের তোড়া কেমন সুন্দর লাগছে ! আমরা বললাম এটা খৃস্টান কবরস্থান। এখানে অভিশাপ পড়ছে এবং রাত দিন আল্লাহর আযাব অবতীর্ণ হচ্ছে। তিনি আবারো বললেন দেখ এসব ফুল ও সৌন্দর্যের দিকে। হ্যাঁ ! ওরা আফগানিস্তানের ক্ষমতা গ্রহণের জন্য এ ধরণের লোকের নামই প্রস্তাব করছে!

ধর্মনিরপেক্ষবাদীদের অনেকে এখন বলছে জোট সরকার কায়েক কর। কোয়ালিশন সরকার কী? জোট সরকার মানে হচ্ছে মুজাহিদ ও কম্যুনিস্টদের যৌথ সরকার। এ সরকার যেন এমন, যার প্রেসিডেন্ট আবু জাহ্ল, প্রধানমন্ত্রী মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, স্বাস্থ্যমন্ত্রী আবু বকর রদিয়াল্লাহু আনহু ও শিক্ষামন্ত্রী আবু লাহাব। অর্থাৎ, জোট সরকার এমনই সরকার, যেখানে কুফ্র ও ইসলাম একাকার হয়ে যায়। হয়তো এরা একে ভবিষ্যতে কম্যুনিস্ট-ইসলামিক সরকার নামে অভিহিত করবে। নিরপেক্ষ সরকার মানে হচ্ছে ফুলের তোড়া দেখে খৃস্টানদের কবরস্থানে দাফন হতে চাওয়া। আবদুল হাকীম তবিবীদেরকে দিয়ে সরকার গঠন করা, যাদের না আছে কোন আত্মমর্যাদাবোধ,

না আছে পৌরুষ, না আছে তাদের দীন-ধর্ম। দশটি বছর লাগাতার খুন ঝরেছে, লাশ পড়েছে ও ইজ্জত সম্মান লুণ্ঠিত হয়েছে। কিন্তু এ করুণ পরিস্থিতি তাদের কেশাগ্রও স্পর্শ করেনি। তাদের চোখে পানি আসেনি এবং শরীর থেকে এক ফোটা ঘামও ঝরেনি।

কারা ওরা? নিরপেক্ষ সরকার সেটা আবার কী? তৃতীয় পক্ষ আবার কোথাকার? এখানে কেবল দুটিই পক্ষ। একটি ইসলাম ও আরেকটি কুফর, একটি ঈমান ও আরেকটি নাস্তিকতা, একটি কম্যুনিস্ট ও আরেকটি মুসলিম। এখানে তৃতীয় পক্ষ বলতে কোন কিছু নেই। একটি শয়তানের দল ও আরেকটি রহমানের দল, একটি আল্লাহর বাহিনী ও আরেকটি লেনিন-ষ্টালিনের বাহিনী। এ দু'দলের মাঝে তৃতীয় কোন দল নেই। নিরপেক্ষতা ও তৃতীয়পক্ষ ইত্যাদি সব রাজনৈতিক পুতুল খেলা। জিহাদ অবশ্যই চলতে হবে। পাকিস্তান এখন তাদের সীমান্ত বন্ধ করে দিয়েছে। কিন্তু রব্বুল আলামীনের দরজা সব সময় উন্মুক্ত। মুসলিম রাষ্ট্রগুলো তাদের সাহায্য বন্ধ করে দিয়েছে, মুসলমানদের সাহায্যের হাত জিহাদ থেকে গুটিয়ে নেয়া হয়েছে। কিন্তু আকাশ ও পৃথিবীর সব ধন আল্লাহর হাতে, তাঁর হাতেই সব কিছুর চাবিকাঠি।

قُلِ اللَّهُمَّ مَالِكَ الْمُلْكِ تُؤْتِي الْمُلْكَ مَنْ تَشَاءُ وَتَنْزِعُ الْمُلْكَ مِمَّنْ تَشَاءُ وَتُعِزُّ مَنْ تَشَاءُ وَتُذِلُّ مَنْ تَشَاءُ بِيَدِكَ الْخَيْرُ إِنَّكَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ (٢٦)

"বলুন, হে যাবতীয় ক্ষমতার মালিক আল্লাহ! তুমি যাকে ইচ্ছা ক্ষমতা দান কর এবং যার কাছ থেকে ইচ্ছা ছিনিয়ে নাও; আর যাকে ইচ্ছা সম্মান দাও এবং যাকে ইচ্ছা অসম্মান কর। তোমার হাতেই কল্যাণের চাবিকাটি এবং নিঃসন্দেহে তুমি সর্ববিষয়ে ক্ষমতাবান।"[আলে ইমরান ঃ ২৬]।

هُمُ الَّذِينَ يَقُولُونَ لا تُنْفِقُوا عَلَى مَنْ عِنْدَ رَسُولِ اللَّهِ حَتَّى يَنْفَضُّوا وَلِلَّهِ خَزَائِنُ السَّمَوَاتِ وَالأَرْضِ وَلَكِنَّ الْمُنَافِقِينَ لا يَفْقَهُونَ (٧)

"তারাই বলেছে, আল্লাহর রসূলের নিকট যারা অবস্থান করছে তাদের জন্য ব্যয় করো না। এতে তারা চলে যাবে। কিন্তু আকাশ সমূহ ও পৃথিবীর যাবতীয় কিছুর চাবিকাঠি যে আল্লাহর হাতে সে কথা মুনাফিকরা উপলব্ধি করতে পারছে না।"[সূরা আল-মুনাফিকূন ঃ ৭]।

তার হাতেই সাহায্য, সব কিছু তার ইচ্ছায়ই হয়, তিনিই সবকিছু নাড়া-চাড়া করেন, তার ইচ্ছার পরিবর্তন ও বিরোধীতাকারী কেউ নেই।

হে আফগান নেতৃবৃন্দ

হে আফগান নেতৃবৃন্দ! রক্তের ব্যাপারে আল্লাহকে ভয় করুন। আল্লাহকে ভয় করুন অশ্রু ও খন্ড বিখন্ড লাশের ব্যাপারে। জিহাদ অব্যাহত রাখুন। ইনশাআল্লাহ! আমরা আপনাদের সাথে আছি। আমরা আপনাদেরকে কখনো অসহযোগিতা করব না। আমরা সব সময় আপনাদের পাশেই থাকব ইনশাআল্লাহ।

الْمُسْلِمُ أَخُوْ الْمُسْلِمِ لاَ يَظْلِمُهُ وَلاَ يُسْلِمُهُ.

"মুসলমান পরস্পর ভাই। কেউ তার ভাইকে শত্রুর হাতে ছেড়ে দেয় না ও তার উপর যুলুম করে না।"[বুখারী ও মুসলিম]

আমরা আপনাদেরকে মধ্যপথে ছেড়ে চলে যাব না। আল্লাহর কাছে দৃঢ়তা কামনা করি। ইনশাআল্লাহ, সবাই অস্ত্র ত্যাগ করলেও আমরা অস্ত্র হাত থেকে ফেলবো না। আল্লাহ বলছেন-

وَلَيَنصُرَنَّ اللَّهُ مَن يَنصُرُهُ إِنَّ اللَّهَ لَقَوِيٌّ عَزِيزٌ (٤٠)

"আল্লাহ তাকে অবশ্যই সাহায্য করবেন যে তাঁকে সাহায্য করে। নিঃসন্দেহে আল্লাহ শক্তিবান ও ক্ষমতাধর।"[হজ্ব ঃ ৪০]।

আল্লাহর উপর তাওয়াক্কুল করুন এবং পূণ্যময় যাত্রা অব্যাহত রাখুন। কয়েক কদম সামনেই সাহায্য অপেক্ষা করছে।

আল্লাহ বলছেন-

وَاللَّهُ مَعَكُمْ وَلَن يَتِرَكُمْ أَعْمَالَكُمْ (٣٥)

"আল্লাহ তোমাদের সাথে রয়েছেন। তিনি কখনো তোমাদের কর্মের প্রতিদান হ্রাস করবেন না।"[মুহাম্মদ ঃ ৩৫]।

তিনি আরো বলেছেন-

